


© WSB Inc. / World Scouting

# বিশ্ব স্কাউট যুব সম্পৃক্তকরণ নীতি

SCOUTS®
Creating a Better World

ইয়ুথ প্রোগ্রাম

| | | |
|---|---|---|
| পৃষ্ঠপোষক | : | ড. মোঃ মোজাম্মেল হক খান<br>প্রধান জাতীয় কমিশনার<br>বাংলাদেশ স্কাউটস। |
| সার্বিক সহযোগিতায় | : | জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান<br>জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস। |
| | | জনাব আরশাদুল মুকাদ্দিস<br>নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস। |
| | | জনাব মোঃ আবু মোতালেব খান<br>যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস। |
| | | জনাব মুহাম্মদ আবু সালেক<br>পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস। |
| | | জনাব শর্মিলা দাস<br>সহকারী পরিচালক (প্রোগ্রাম ও গ্রোথ), বাংলাদেশ স্কাউটস। |
| বাংলায় অনুবাদ | : | জনাব ফাহমিদা<br>জাতীয় উপ কমিশনার (গার্ল- ইন - স্কাউটিং)<br>বাংলাদেশ স্কাউটস। |
| প্রথম প্রকাশ | : | জুন ২০১৭ |
| মুদ্রণ | : | বিগ গ্রাফিক, ৫১/৫১-এ পুরানা পল্টন, ঢাকা, ফোনঃ ৯৫৬৩৫৭৮ |

# সূচিপত্র

বিশ্ব স্কাউট যুব সম্পৃক্তকরণ নীতি

সংজ্ঞা ০৩

ভূমিকা ০৫

এই নীতির উদ্দেশ্য ০৬

নীতি

যুব সম্পৃক্তকরণ কি? ০৭

কেন যুবদের সম্পৃক্তকরণ? ০৮

ক. সামাজিক উন্নয়নে যুবদের সম্পৃক্তকরণ কেন? ০৮

খ. স্কাউটিংয়ে সিদ্ধান্ত গ্রহণে যুবদের সম্পৃক্তকরণ কেন? ০৯

গ. যুব সম্পৃক্তকরণে বাঁধাসমূহ ১১

কিভাবে যুবদের সম্পৃক্ত করা যায়?

ইউনিট পর্যায়ে ১২

সাংগঠনিক পর্যায়ে (জাতীয় সংগঠনে ও বিশ্ব স্কাউটস) ১৩

সামাজিক পর্যায়ে ১৭


বিশ্ব স্কাউটস যুব সম্পৃক্তকরণ নীতির রূপরেখা

নীতির প্রয়োগ ও মূল্যায়ণ ১৯

প্রয়োগ ও মূল্যায়নের সময়সীমা ১৯

অন্যান্য কাগজপত্রাদি সম্পন্নকরণ ২০

বিবিধ ২০





# ৪০ তম বিশ্ব স্কাউট সম্মেলনের প্রস্তাব
# স্লোভেনিয়া ২০১৪

## ৯/১৪ ওয়ার্ল্ড স্কাউট যুব সম্পৃক্তকরণ নীতি

**সম্মেলন**

- স্কাউটিংয়ের উদ্দেশ্য অর্জনের জন্য সিদ্ধান্ড় গ্রহণের ক্ষেত্রে তরুণদের সম্পৃক্ত এবং অন্র্ড়ভুক্ত করার আবশ্যকতাকে স্বীকৃতি প্রদান।
- ইহা বিবেচিত যে, স্কাউটিং প্রাপ্তবয়স্কদের দ্বারা সমর্থিত তরুণদের একটি আন্দোলন, যাদের মধ্যে দৃঢ় অংশীদারিত্ব প্রতিষ্ঠিত হয়েছে।
- বিশ্ব স্কাউট ইয়ুথ ফোরাম এবং যুব অ্যাডভাইজার সিস্টেমের মূল্যায়ন রিপোর্টের ফলাফল এবং সিদ্ধান্ড়ে উপনীত হয়, যার উপসংহার হলো যে আরও কাজ করা প্রয়োজন।
- যুবকদের আন্দোলন ও সমাজের মধ্যে সব স্ড়রে সক্রিয়ভাবে জড়িত থাকার স্বতন্ত্র এবং সাংগঠনিক সুবিধা সম্পর্কে সচেতন হওয়া।
- সক্রিয় ভূমিকায় বিশ্বাস করে যে তরুণরা স্কাউটিং এর ভিতরে এবং বাইরে ইতিবাচক পরিবর্তন আনতে পারে,
- যুব সদস্যের নেতৃত্বের ভূমিকা এবং অভিজ্ঞতা একুশ শতকের দক্ষতা বিকাশের সুযোগ প্রদানের গুরুত্ব স্বীকার করে।

- **বিশ্ব স্কাউট যুব সম্পৃক্তকরণ নীতি হিসাবে কনফারেন্স ডকুমেন্ট ৯ এ অন্তর্ভুক্ত লিখিত নীতি গ্রহণ করে।**
- **জাতীয় স্কাউট সংগঠনগুলিকে জোরালোভাবে তাদের স্ড়রে নীতিমালা বাস্ড়বায়ন করার আহ্বান জানায় যাতে একটি সহায়ক কাঠামো তৈরি হয়।**
- **ওয়ার্ল্ড স্কাউট কমিটিকে অনুরোধ করে এমন সব উপায় বিবেচনা করুন যার দ্বারা বিশ্ব সংস্থাটি আঞ্চলিক ও বিশ্ব পর্যায়ে নীতিমালা বাস্ড়বায়ন করা যেতে পারে, যা চলমান পর্যালোচনা প্রক্রিয়ার অন্তর্ভূক্ত।**






# বিশ্ব স্কাউট যুব সম্পৃক্তকরণ নীতি

## সংজ্ঞা

এই নীতির দরূণ নিম্নের সংজ্ঞাগুলোকে বিবেচনা করতে হবে;

## যুব

স্কাউট আন্দোলনে 'যুব' শব্দটি শিক্ষাগত কর্মসূচির সাথে জড়িত সকল ছেলে এবং মেয়েদের বোঝায়। স্কাউটিংয়ে তরুণ ব্যক্তি উন্নয়নে বিভিন্ন বিষয়ে শেখার অভিজ্ঞতা ও বিষয়াবলীকে গুরুত্ব দেয়; তাই তাদের জন্য গৃহিত কর্মসূচি তারা বয়:প্রাপ্ত হওয়ার পর সমাপ্ত হয়ে থাকে (যা সাধারণত: শৈশব, কৈশোর এবং বয়:প্রাপ্ত হওয়ার প্রাথ মিক পর্যায় পর্যন্ত বিস্তৃত)। স্কাউটিংয়ে বয়সভেদে ব্যক্তিগত বিকাশের বিভিন্ন পর্যায়কে নির্ধারণ করা হয়ে থাকে, যা সাংস্কৃতিগত ও জাতীয় স্কাউট সংগঠনের প্রেক্ষাপটে ভিন্ন হতে পারে (যদিও প্রায়শ:ই এই পর্যায়গুলো ০৫-২৬ বছর বয়সের মধ্যে করা হয়ে থাকে)। 'যুব' শব্দটি অনেক শক্তিশালী, তবে স্কাউটিংয়ে 'যুব শক্তি' ধারণাটি ব্যবহার করা হয় এর সাথে সম্পৃক্তদের অথবা সক্রিয় স্কাউটদের বোঝানোর ক্ষেত্রে।

**বয়:প্রাপ্ত, বয়:প্রাপ্তদের নেতা ও নেতারা** মূলত: স্বেচ্ছাসেবক (তবে সংখ্যায় অনেক কম চাকুরে স্কাউট থাকেন) যাঁরা স্কাউটদের উন্নয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হয়ে থাকেন যাতে স্কাউটরা তাদের জন্য প্রণীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে পারে। অথ বা বয়ষ্ক নেতাদের সহযোগিতা কিংবা সংগঠনের সাংগঠনিক কাজে সহযোগিতা করতে পারে।

**তরুণ নেতারা** হলো যুব বয়সী যারা স্কাউটদের জন্য প্রণীত 'প্রোগ্রাম'-কে অপেক্ষাকৃত উন্নততর ও তা কনিষ্ঠ স্তরের স্কাউটদের বোঝানোর জন্য দায়িত্ব পালন করে থাকে।

তারা কোন কোন ক্ষেত্রে বয়স্ক নেতাদের কিংবা সংগঠনের সাংগঠনিক কাঠামোতে সম্পৃক্ত থেকে সহযোগিতা করে। এভাবে সংগঠনের পক্ষে 'নেতা' হিসেবে তারা দায়িত্ব পালন করার সুযোগ পেয়ে থাকেন।

**যুব অংশগ্রহণ** একটি প্রক্রিয়া যা যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় এবং অপরকে পরামর্শদানের অংশগ্রহণ প্রক্রিয়াকে নিশ্চিত করে।

**যুব সম্পৃক্তকরণ** তরুণদের সক্রিয়ভাবে সিদ্ধান্ত তৈরির জন্য বড়দের সাথে দায়িত্ব ভাগ করে নেয়ার একটি বিশেষ প্রক্রিয়া, যা তাদের জীবনকে ও সমাজের অন্যদের জীবনকে প্রভাবিত করে থাকে।

**যুব প্রবৃত্তি** একটি বিশেষ অর্থপূর্ণ অংশগ্রহণ কর্ম। যার মাধ্যমে তারা সময়, বুদ্ধিমত্তা, প্রতিভা, দক্ষতা দিয়ে তাদের নিজের মধ্যে এবং অন্যদের জীবনে একটা ইতিবাচক পরিবর্তন করার জন্য এবং তরুণদের দীর্ঘ সময়ের জন্য সম্পৃক্ততার জন্য ব্যবহার করে থাকে।

**যুব ক্ষমতায়ন** ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি, সংগঠনমূলক এবং সাংস্কৃতিক প্রক্রিয়া যার মাধ্যমে যুবরা যুব বয়সী অন্যদের ও  বয়স্কদের সহ স্বীয় বিষয়াবলীতে সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়নে তথা পরিবর্তনে ক্ষমতা ও কর্তৃত্ব অর্জন করে।

**নোট**

যুব সম্পৃক্ততা, অংশগ্রহণ, প্রবৃত্তি ও ক্ষমতায়ন প্রসঙ্গ এবং সংস্কৃতির উপর নির্ভর করে ভিন্নভাবে অনুভূত করা যাবে, যা তারা পালন করে থাকে। এই ধারণা সংজ্ঞায়িত করা ও বিভিন্ন পন্থা বুঝতে উপযোগী তিনটি মডেলের উপস্থাপন বিদ্যমান।

**স্কাউটিং যুব কর্মসূচি (প্রোগ্রাম)** সম্পূর্ণভাবে শেখার একটি সুযোগ যা থেকে একজন যুব উপকৃত হয়ে থাকে (কী), তাদেরকে স্কাউটিংয়ের উদ্দেশ্য বাস্তবায়নে উপযোগী করে গড়ে তোলা হয়ে থাকে (**কেন**) এবং স্কাউট পদ্ধতির মাধ্যমে অভিজ্ঞ করে গড়ে তোলা হয় (**কিভাবে**)।

স্কাউট পদ্ধতি হলো প্রগতিশীল স্ব-শিক্ষা ব্যবস্থা। যা বর্ণিত পারস্পরিক সম্পর্কযুক্ত উপাদানের উপর নির্ভর করে-স্কাউট আইন ও প্রতিজ্ঞা, হাতে কলমে শিক্ষা, উপদল পদ্ধতি, প্রতীকী

কাজ, ক্রমোন্নতিশীল উদ্দীপনামূলক স্কাউট কর্মসূচি, প্রকৃতি এবং বয়স্ক নেতার সহযোগিতা।

# ভূমিকা

## মৌলিক নীতি

স্কাউটিং অল্প বয়সী ছেলেমেয়েদের জন্য একটি আন্দোলন, যা প্রাপ্ত বয়স্কদের দ্বারা সমর্থিত; এটি শুধু প্রাপ্ত বয়স্কদের দ্বারা পরিচালিত অল্প বয়সী ছেলেমেয়েদের জন্য একটি আন্দোলন নয়। বরং, স্কাউটিং অল্প বয়সী এবং প্রাপ্ত বয়স্কদের তথা উদ্যমী ও অভিজ্ঞদের এক সঙ্গে কাজ করার জন্য সুযোগ প্রদান করে। জাতীয় স্কাউট সংগঠনের যুব প্রোগ্রামে এবং সংগঠনের কাঠামো ব্যবস্থাপনা উভয়েই এই মৌলিক নীতি প্রতিফলিত হওয়া উচিত।

- Policy on Involvement of Young Members in Decision-Making. (রেজুলেশন ২/৯৩)।

সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ১৯৬৯ সাল হতে বিভিন্ন সময়ে কনফারেন্স রেজুলেশনে উল্লেখ করা হয়েছে। তবে নির্দিষ্টভাবে রেজুলেশনে ১৩/৬৯ তে এ সম্পর্কে বলা হয়েছে-'সম্মেলন সদস্য দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন যে, তাদের প্রতিনিধিদের মধ্যে বিশ্ব সম্মেলনে অন্তত একজন যুবকে অন্তর্ভুক্ত করে তার অভিজ্ঞতা অর্জনে সহায়তা করা'। এই রেজুলেশনটি বেশ কয়েকটি রেজুলেশনের পর রূপ পায় 'সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তরুণদের অংশগ্রহণকে স্বীকৃতি দান' (রেজুলেশন ১৫/৮৮) যা গ্রহণের মধ্য দিয়ে চূড়ান্ত রূপ পায়- "Policy of Young Members in Decision-Making. (রেজুলেশন ২/৯৩)।

১৯৯৩ সালের পর WOSM কাঠামোতে যুবদের সম্পৃক্ততা বাড়ানোর জন্য বেশ কয়েকটি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। (বিশেষত: ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স ওয়ার্ল্ড স্কাউট ইয়ুথ ফোরামের পরপরই অনুষ্ঠিত হয়ে থাকে এবং ২০০৫ সাল থেকে ওয়ার্ল্ড স্কাউট কমিটি ০৬ জন যুব পরামর্শক (Young Advisor) নির্বাচন করে আসছে)। ওয়ার্ল্ড স্কাউটের অনেক আঞ্চলিক স্কাউট তাদের ইয়ুথ ফোরামে 'যুব পরামর্শক' গ্রুপ (YAMG-Young Adult Member Group) ধারণাটি বাস্তবায়ন করছে।

২০০২ সালে ৩৬ তম বিশ্ব স্কাউট কনফারেন্সে যুব সম্পৃক্তকরণ বিষয়টি ওয়ার্ল্ড স্কাউটের স্ট্র্যাটেজিক প্ল্যানে প্রথম স্থানে রেখে গুরুত্বারোপ করা হয়েছে। এই পদক্ষেপটি যুব সম্পৃক্তকরণের বেশ কয়েকটি রেজুলেশনের ফলেই সম্ভব হয়েছে। যেমন-১১/০৫, ১৪/০৮ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুব সম্পৃক্তকরণের বিষয়টি ভিশন ও স্ট্র্যাটেজি হিসেবে ৮/১১ রেজুলেশনের মাধ্যমে যুক্ত করা হয়েছে। এক্ষেত্রে যা বলা হয়েছে তা হলো-

"Young people are empowered to develop their capacities for making decisions that affect their lives; and engage in decision-making in the groups and institutions in which they are involved, so that they actively contribute to creating a better world."

স্কাউট আন্দোলনের ভিশনের সাথে ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স যুবদের সম্পৃক্তকরণের জন্য একটি কাঠামো গ্রহণ করেছে। যা জাতীয় স্কাউট সংগঠনসমূহকে স্কাউটিংয়ে যুবদের জন্য শিক্ষার সুযোগ সম্পর্কিত নির্দিষ্ট বিষয়ে ব্যাখ্যা প্রদানে সাহায্য করে। ২০১৩ সালে যুবদের সম্পৃক্তকরণে বিশ্ব স্কাউট সংস্থা ব্যাপক মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনা করে এবং সে সময়ে বিশ্ব স্কাউটসের বিভিন্ন আঞ্চলিক স্কাউট পর্যায়ে যে সকল সুযোগ-সুবিধাদি বিদ্যমান ছিল তার প্রেক্ষিতে খুব কম সফলতা প্রতীয়মান হয়েছিল। তাই শুরুতেই যুবদের সম্পৃক্তকরণে ও যুব সম্পৃক্তকরণ নীতিটি পুনরারম্ভ করার জন্য বিভিন্ন সুযোগ-সুবিধাদি বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়।

## এই নীতির উদ্দেশ্য

এই নীতির উদ্দেশ্য হলো স্কাউটিংয়ের সকল পর্যায়ে যুবদের সম্পৃক্ততা বাড়ানো এবং তা নিশ্চিত করা যাতে বিশ্ব স্কাউট সংস্থা নীতিগত নির্দেশনা প্রদান করবে। একই সময়ে বিভিন্ন জাতীয় স্কাউট সংগঠন যাতে জাতীয় নীতিসমূহের উন্নয়ন ঘটাতে পারে এবং বিশ্ব স্কাউট সংস্থার আঞ্চলিক স্কাউটের জন্য যুব সম্পৃক্তকরণ বিষয়টি নীতিগতভাবে কর্মপরিকল্পনায় রাখা ও সম্পৃক্ততার চর্চার ক্ষেত্রে গুরুত্বারোপ করে। যেহেতু স্কাউট আন্দোলন যুবদের আন্দোলন যা বয়স্ক নেতা কর্তৃক পরিচালিত এবং শুধুমাত্র যারা প্রাপ্ত বয়স্কদের দ্বারা পরিচালিত তরুণদের জন্য নয়, এই নীতি একটি সহযোগিতা পরিবেশ তৈরির গুরুত্বের উপর জোর দেয় এতে করে যুব ও প্রাপ্ত বয়স্ক উভয়ই স্বাভাবিকভাবে জ্ঞান ও দক্ষতার বিনিময় প্রদান করতে পারে।






# নীতি

## যুব সম্পৃক্তকরণ কি?

যুবরা আমাদের সমাজের বেশ গুরুত্বপূর্ণ অংশ; আমাদের সামাজিক জীবনের অনেক বাঁধা বিপত্তিকে সমাধান করতে তারা সচেতনতার সাথে কাজ করছে। বর্তমান বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানে এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মকে সম্পৃক্ত করতে তারা কাজ করে, অন্যান্য যেকোনো সময়ের চেয়ে বর্তমানে যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুক্ত করার ফল আজ দৃশ্যমান।

যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া শুধুমাত্র তাদের জীবনকে প্রভাবিত করার মননে **সুযোগ ও জায়গা** করে দেয়না বরং সমাজের অন্যদের প্রতি দায়িত্ব পালনের ক্ষেত্র সৃষ্টি করে। অন্য কথায় এটি তাদের **সামর্থ্যকে বৃদ্ধি** করে; এতে করে তারা আত্মবিশ্বাস অর্জন ও সমাজের অন্যদের প্রতি দায়িত্বশীলতার ধারণার মাধ্যমে পর্যাপ্ত দক্ষতা ও জ্ঞান লাভ করে। চূড়ান্তভাবে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কোন যুবকে সম্পৃক্ত করলে তা তাকে চৌকষ নাগরিক হতে **উৎসাহিত** করে এবং ব্যক্তি হিসেবে সমাজের প্রতি **দায়িত্ববোধকে** উপলব্ধি করতে পারে।

বিশ্ব স্কাউট সংস্থায় যুব সম্পৃক্তকরণ বিষয়টিকে তিনটি পারস্পরিক পর্যায়ে দেখানো হয়-শিক্ষা, প্রাতিষ্ঠানিক এবং কমিউনিটি। এর প্রত্যেকটি পর্যায়ে যুব সম্পৃক্তকরণের ভিন্ন ভিন্ন উদ্দেশ্য বিদ্যমান, যা নির্দিষ্ট কিছু যুব, বয়স্ক নেতা ও বৃহত্তর সম্প্রদায়দের নিয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণের নিমিত্তে কাজ করে।

## কেন যুবদের সম্পৃক্তকরণ?

স্কাউটিং পরিসরে এবং এর বাইরে যুবদের সম্পৃক্তকরণের বেশ কারণ রয়েছে। স্কাউটিং দৃষ্টিভঙ্গি থেকে নিম্নবর্ণিত কারণগুলো মূলত: তাদের সম্পৃক্তকরণের কারণ –

### ক. সামাজিক উন্নয়নে যুবদের সম্পৃক্তকরণ কেন?

- যুব সমাজের অধিকার, প্রতিনিধিত্ব এবং পরিপ্রেক্ষিত

যুব সমাজের সম্পৃক্ত হওয়ার অধিকার আছে এবং সিদ্ধান্ত গ্রহণে কথা বলতে পারা তাদের ভাল কাজে প্রভাবিত করে যা তাদের অন্যতম মৌলিক অধিকার। স্কাউটিংয়ের মত যে সকল সংগঠনে যুবদের প্রাধান্য দেয়া হয়, তাদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সংযুক্ত করলে অপেক্ষাকৃত ভাল প্রতিনিধিত্ব পাওয়া সম্ভব, যা অনেক সময় অনেক পূর্ণ বয়স্ক মানুষ থেকে ভিন্নতর হয়ে থাকে। প্রকৃতপক্ষে যুবরা সাধারণত 'সীমানার বাইরে' গিয়ে চিন্তা করতে পারে। যা নিঃসন্দেহে নতুন কিছু যোগ করতে সামর্থ্য হয় এবং একই সাথে সৃষ্টিশীল ধারণা লাভ করতে পারে।

- প্রাসঙ্গিক দক্ষতার উন্নয়ন এবং যুব ও বয়স্ক নেতাদের ইতিবাচক আচরণ

যুবদের কোনো কাজে সম্পৃক্ত করলে মূলত: তাদের মধ্যে উচ্চ আকাঙ্খার সৃষ্টি হয়। যা তাদের সক্ষমতাকে সুদৃঢ় করে এবং কোনো কোনো ক্ষেত্রে তাদের দৃষ্টিভঙ্গিকে পরিবর্তন করে। এমন কাজের সুযোগ তাদের বিভিন্ন সমস্যা সমাধানের দক্ষতাকে আরো বাড়িয়ে দেয়, সমালোচনা করার সামর্থ্যকে বাড়ায় এবং সমঝোতাপূর্ণ ও শ্রদ্ধামূলক পরিবেশ সৃষ্টিতে বয়স্ক নেতাদের সাথে গঠনমূলক আলোচনার সুযোগ সৃষ্টি করে। এমন সম্পৃক্তকরণ যুবদের আত্মবিশ্বাসকে বাড়িয়ে দেয়। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্ত করা সম্ভব হলে বয়স্ক নেতারা তাদেরকে (যুবদের) সমাজের অন্যতম প্রধান অংশীদার হিসেবে উপলব্ধি করতে পারে। যা সমানভাবে তরুণ প্রজন্মের মধ্যে শ্রদ্ধাসহ প্রতিশ্রুতি এবং শক্তি বৃদ্ধি করে।

- দায়িত্ব এবং স্থায়িত্ব নিশ্চিতকরণ

যুবদের সম্পৃক্ত করার মাধ্যমে দীর্ঘ সময়ের জন্য উন্নয়ন প্রক্রিয়ায় তাদের সামাজিকভাবে দায়বদ্ধ করে তোলা যায়। যুব বয়সে তাদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সাথে এক করে নেয়া তাদের সামাজিক কর্মদক্ষতা বৃদ্ধি করে এবং সামাজিক কর্মকান্ডের ক্ষেত্রকে প্রসারিত করা সম্ভব।

## সার-সংক্ষেপ

সমাজের জন্য যুব সমাজকে কাজে লাগানোর ফল বেশ ব্যাপক হয়ে ওঠে যখন সমাজ থেকে তাদের সঠিকভাবে নির্দেশনা প্রদান করা হয় এবং যথেষ্ট সহযোগিতা ও সুযোগ দেয়া হয়। বয়স্ক নেতারা ও যুবরা যৌথভাবে তাদের দক্ষতা ও জ্ঞান বাড়াতে পারে এবং বিভিন্ন বিষয়ে দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে পারে। একটি দীর্ঘ সময়ের উন্নয়নের জন্য তারা যৌথভাবে কাজ করতে পারে। যা তাদের সমাজে অপেক্ষাকৃত ভাল জীবন যাপনে সহায়ক ভূমিকা পালন করে। এমন সুবিধাদি স্কাউটিং ক্ষেত্রেও প্রতিফলিত হতে পারে। যেহেতু জাতীয় স্কাউট সংগঠনের সমাজের সকল ক্ষেত্রে কাজ করার সু-বিশাল পরিসর বিদ্যমান, যেখানে তারা অবদান রাখতে পারে।

## খ. স্কাউটিংয়ে সিদ্ধান্ত গ্রহণে যুবদের সম্পৃক্তকরণ কেন?

- জীবনের জন্য শিক্ষা

যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্তকরণ স্কাউট আন্দোলনের মিশন বাস্তবায়নের অন্যতম ধাপ। যুবদের সম্পৃক্তকরণের মধ্য দিয়ে বয়স্ক নেতারা একটি নিরাপদ শিক্ষা পরিবেশক সৃষ্টি করে। যাতে যুব বয়সীরা আত্মনির্ভরশীল হতে সমর্থ্য হয় এবং সমাজ গঠনে কাজ করতে পারে।

- নির্ধারণ পদ্ধতি

একটি ইউনিটে নির্ধারিত কাজে স্কাউটরা যুক্ত হয়ে দলীয় কার্যক্রম মূল্যায়ণ ও সাধারণ কোন বিষয়ের উপর নিয়ম-কানুন তৈরিতে কাজ করতে পারে। এই সকল কার্যক্রম স্কাউট পদ্ধতির মূল উপাদানরূপে যুব সম্পৃক্ততার গুরুত্ব জোরদার করে।

- মূল্যবোধ প্রতিষ্ঠার ও দক্ষতা বৃদ্ধিতে যুব সমাজকে সহযোগিতা করা

সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত হয়ে একজন যুব নিজেকে প্রকাশ করা ব্যতিরেকে নির্দিষ্ট লক্ষ্য অর্জন কাজ করতে, অন্যের সমস্যাবলিকে শুনতে তথা সেই কথাগুলোকে সতর্কতার সাথে শুনতে নিজের মূল্যবোধকে কাজে লাগায়। এতে করে সে ঐক্যমত্য অর্জনের মাধ্যমে স্বীয় দক্ষতাকে অন্যের মাঝে ভাগাভাগি করে দলীয় লক্ষ্যপূরণে কাজ করার সামর্থ্য অর্জন করে। কোনো কাজে যুবদের সম্পৃক্তকরণ, সমস্যার সৃজনশীল সমাধানকরণ তথা নেতৃত্ব ও যোগাযোগ দক্ষতার মাধ্যমে যুব বয়সী ও বয়স্ক নেতা উভয়ের সক্ষমতা বৃদ্ধির সুযোগ ঘটে।

- সাংগঠনিক গণতন্ত্র ও গতিশীলতা

অনেক স্কাউট সংগঠনে, যুব নেতৃত্বের অনুপাত অনেক বেশি। যাদের বেশির ভাগই মাঠ পর্যায়ে স্কাউট প্রোগ্রামকে অবহিত করে থাকে। যদি তারা (বয়স্ক নেতারা) তাদের (যুবদের) সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত না করে এবং স্কাউট প্রোগ্রাম প্রণয়ন প্রক্রিয়া, সংগঠনের স্ট্র্যাটেজি ও ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় মতামত ব্যক্ত করার সুযোগ প্রদান না করে তবে স্কাউট আন্দোলন নিম্নবর্ণিত সমস্যায় সম্মুখিন হবে-

ক. মাঠ পর্যায়ের মতামত ব্যতিরেকে জাতীয় সদয় দফতরের নেতৃত্ব সঠিক স্ট্র্যাটেজি প্রণয়নে ব্যর্থ হবে।

খ. যদি তাদের মতামত ব্যক্ত করায় বঞ্চিত করা হয় তবে যুবরা কাজ করার অনুপ্রেরণা হারাবে এবং নিষ্ক্রিয় হয়ে যাবে। এতে বয়স্ক নেতাদের দক্ষতা বাড়লেও স্কাউট বয়সীদের প্রোগ্রামের মান কমে যাবে।

গ. স্কাউটিং কার্যক্রম মূলত: হাতে কলমে শেখার। যদি কম বয়সে যুবরা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে না পারে তবে প্রকাশ দক্ষতা ও দায়িত্বশীল কাজে অংশগ্রহণ সুযোগের অভাবে তাদের কাছ থেকে হঠাৎ করেই (১৬, ১৮ কিংবা ২১ বছর বয়সে) তারা দায়িত্ব নিতে পারবে তা আশা করা যায় না।

- আন্ত:প্রজন্ম সংলাপ বাড়ানো

স্কাউট আন্দোলনের মিশন তখনই অর্জিত হয় যখন যুব ও বয়স্ক নেতাদের মাঝে একটি সুন্দর বোঝাপড়া থাকে। যা উভয়ের জন্যই হিতকর ও কল্যাণকর। স্কাউট আন্দোলনে বয়স্ক নেতাদের বেশ বড় ভূমিকা বিদ্যমান যদি তাঁরা তা সফলভাবে সম্পন্ন করতে চান তবে যুবদের সাথে নিয়ে সিদ্ধান্ত গ্রহণ ও যৌথ কার্যক্রম সম্পাদন করতে হবে।

## সার-সংক্ষেপ

স্কাউটিংয়ে সিদ্ধান্ত প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে আমরা শুধুমাত্র আমাদের আন্দোলনের মিশন ও পদ্ধতি বাস্তবায়নই করি না বরং যুব নেতৃত্ব ও বয়স্ক নেতাদের গঠনমূলক আলোচনার মাধ্যমে সংগঠনের গতিশীলতা ও গণতান্ত্রিক ধারায় পৌছতে সহযোগিতা করতে পারি।

## গ. যুব সম্পৃক্তকরণে বাঁধাসমূহ

সিদ্ধান্ত গ্রহণে তরুণ জনগণের ক্ষমতাকে প্রভাবিত করতে সবচেয়ে সাধারণ ও পরিচিত বাঁধাগুলো হলো-সাংস্কৃতিক রীতি-নীতি, দারিদ্র, প্রতিবন্ধী, লিঙ্গ সর্বোপরি বয়স্ক নেতাদের নেতৃত্বাধীন সংগঠন। এর সাথে নিম্নবর্ণিত বিষয়াবলি উল্লেখ করা যেতে পারে–

**অব্যবস্থাপনা ঃ** যুবদের সম্পৃক্তকরণের অপ্রতুল মনযোগ অনেক সময় যুব সম্পদের এবং তাদের সামর্থ্যকে যথোপযুক্ত কাজে না লাগাতে পারলে তাতে অবস্থাপনা হয়ে পড়ে।

**যুব সম্পৃক্তকরণে অনুপযুক্ত মডেল/পদ্ধতি ঃ** যুবদের জন্য উপযোগী কোনো নির্দিষ্ট বিষয়ে সঠিকভাবে কাঠামো বিন্যাস না করা হলে এবং কোনো মডেল কিংবা উপকরণ ব্যবহার না করা হলে সংগঠনের ব্যবস্থাপনায় যুবদের অবদান না রাখার প্রবণতা সৃষ্টি হতে পারে যা প্রতিষ্ঠানের সাফল্যের অন্তরায়।

**দক্ষতা ও প্রশিক্ষণের অভাব (প্রতিষ্ঠানের সম্পদের ক্ষেত্রে) ঃ** যদি যুবদের জন্য প্রয়োজনীয় দক্ষতা ও পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব থাকে তবে তা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় বাঁধা হয়ে দাঁড়ায়। আবার অনেক সময় সংগঠন যথার্থভাবে সময় কিংবা সম্পদ ব্যবহার করতে পারে না, এমনকি প্রশিক্ষণ কার্যক্রমকে সংজ্ঞায়ন করতে ব্যর্থ হয়।

**যুব সম্পৃক্তকরণে সম্ভাবনা সম্পর্কে তথ্যের অভাব ঃ** পর্যাপ্ত ও সঠিক যোগাযোগের অভাব যুব সমাজকে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণে অক্ষম করে তোলে।

**যুবদের সময় ও অর্থের অভাব ঃ** পড়ালেখার দরূণ সময় সংকট ও কাজের বাধ্যবাধকতার কারণে অনেক সময় যুব বয়সীরা তাদের ইচ্ছে শক্তি অনুসারে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে না। তবে অর্থের অভাব যুবদের প্রাথমিক বাঁধার কারণ।

**দুর্বল সামগ্রী ও নেতাদের প্রশিক্ষণ ঃ** ধারাবাহিকতার অভাবে তথা প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীর অপ্রতুল সংখ্যার কারণে বিভিন্ন কার্যক্রমে দ্রুত বিপর্যয় ঘটে থাকে। যা কমবয়সী ছেলেমেয়েদের জন্য সম্পন্ন করতে আরো সচেষ্ট হওয়া প্রয়োজন।

**অগ্রগতির অন্তরায় ঃ** কাঠামোবদ্ধভাবে কোনো নির্দিষ্ট পর্যায় পর্যন্ত সম্পৃক্ত থাকার দরূণ একজন যুব'র কার্যক্ষেত্র এবং দায়িত্ববোধের পরিধি বিস্তৃত হওয়া থেকে মুক্ত থাকে যা সর্বোপরি একটি সংগঠনের সফলতায় সমস্যা হয়।

## কিভাবে যুবদের সম্পৃক্ত করা যায়?

এই নীতি একটি দিক নির্দেশনা উপস্থাপন করে। যা তিনটি পর্যায়ে বিস্তৃত: ইউনিট, শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটি। এটি উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে, যুব সম্পৃক্তকরণ সামগ্রিকভাবে পর্যবেক্ষণ করা উচিত এবং তা ক্রমানুসারে না দেখে পর্যায়ক্রমিক হওয়া উচিত। এই পর্যায়গুলি একে অন্যের সাথে এমনভাবে প্রতিস্থাপিত হওয়া উচিত নয় যাতে করে বিপরীত অর্থ প্রকাশ করে। বরং হওয়া উচিত পরিপূরক এবং প্রতিটি পর্যায়ে সাধারণ নির্দেশনা থাকা উচিত যাতে নির্দিষ্ট কর্ম সম্পাদনের জন্য প্রস্তাবনা বিদ্যমান।

### ইউনিট পর্যায়ে

ইউনিট পর্যায়ে স্কাউটিং কার্যক্রম বাস্তবায়নের ভিত্তি হলো যুব সম্পৃক্তকরণ। স্কাউট পদ্ধতিতে খুব গভীরভাবে তা প্রতীয়মান। যা যুব প্রোগ্রাম বাস্তবায়নের একটি অত্যাবশ্যকীয় উপাদান। স্কাউট পদ্ধতি আমাদের এমন কিছু উপাদান দেয় যা যুব সম্পৃক্তকরণকে বৃদ্ধি করে এবং যুব সমাজকে শুধু তাদের ইউনিট পর্যায়ের কাজে সিদ্ধান্ত গ্রহণে নয় বরং স্কাউটিংয়ের অন্যান্য পযায় ও বৃহৎ পরিসরে ভূমিকা পালনে সুযোগ করে দেয়।

- **উপদল পদ্ধতি**

  উপদল পদ্ধতি স্কাউট পদ্ধতির অন্যতম উপাদান হিসেবে শুধুমাত্র ক্ষুদ্র দলে কাজ করার প্রক্রিয়া নয় বরং এটি বিভিন্ন পন্থায় সকল পর্যায়ে যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত করার প্রকৃত ক্ষেত্র। উপদল পদ্ধতি যুব সম্পৃক্তকরণে সত্যিকার অর্থে একটি শক্তিশালী উপাদান। যা সকল পর্যায়ে সঠিকভাবে ব্যবহার করা উচিত।

- **নেতৃত্ব প্রদানের অভিজ্ঞতা**

  দায়িত্ব গ্রহণের প্রক্রিয়ায় ও অবস্থার প্রেক্ষিতে স্কাউট আন্দোলন তার সকল সদস্যকে নেতৃত্বদানের অভিজ্ঞতা গ্রহণে সহায়তা করে। অনুরূপভাবে কোনো নেতৃত্ব যখন অন্যদের দ্বারা প্রশংসিত হয় তখন তার আত্মবিশ্বাস বেড়ে যায়। নেতৃত্ব প্রদানে প্রক্রিয়া পর্যায়ক্রমিক ও বিনিময়যোগ্য।

- **প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়া**

প্রতিটি দলে একজন যুব সামষ্টিক চিন্তায় বেড়ে ওঠে এবং যথাযথ উপায়ে দায়িত্ব ভাগাভাগি, সিদ্ধান্ত গ্রহণ, কোন কিছু সম্পাদন ও মূল্যায়ন করে ক্ষমতার সুষ্ঠু প্রতিফলন ঘটায়। প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়া একজন যুব'র সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ইউনিট লিডার ও ইউনিটের সকলের সাথে কর্মপরিধি নিশ্চিত করে।

**সাংগঠনিক পর্যায়ে** (জাতীয় সংগঠনে ও বিশ্ব স্কাউটস)

এটি বেশ গুরুত্বপূর্ণ যে, শিক্ষা প্রতিষ্ঠানে বয়স্ক ও যুবরা মিলে একটি কার্যকর সম্পর্ক গড়ে তুলছে যা অর্থপূর্ণ এবং স্বচ্ছভাবে সম্পন্ন হচ্ছে। যখন বিভিন্ন দক্ষতা ও ক্ষমতা স্বীকৃতি লাভ করছে ও মূল্যায়িত হচ্ছে উভয় পক্ষই অন্যের পারদর্শিতার মূল্য দিচ্ছে। যার ফলে একটি অংশীদারিত্ব গড়ে উঠছে। এই ধরণের অংশীদারিত্ব শক্তিশালী করার জন্য জাতীয় স্কাউট সংগঠন ও বিশ্ব স্কাউট সংস্থাকে নীতিসমূহ সহজতর করা উচিত। এই নীতি নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করে–

## জাতীয় স্কাউট সংগঠনের জন্য ঃ

- যুব সম্পৃক্তকরণের সুযোগ সৃষ্টির জন্য যাতে তারা উৎসাহিত হয় এবং তাদের ক্ষমতায়ন নিশ্চিত করতে যুবদের জন্য প্রণীত প্রোগ্রাম নিয়মিত পর্যালোচনা করা উচিত।
- সংশ্লিষ্ট বিষয়ে ধারণা আছে এমন আনুপাতিক সংখ্যক অনধিক ৩০ বছরের যুবদের নিয়ে জাতীয় স্কাউট সংগঠনে একটি কার্যকরী 'জাতীয় যুব প্রোগ্রাম কমিটি' থাকা প্রয়োজন, যাদের সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতায় অংশগ্রহণ করার সুযোগ থাকবে।
- যুব কর্মসূচি (স্কাউট প্রোগ্রাম) ও বয়স্কদের প্রশিক্ষণ নবায়নের মাধ্যমে প্রয়োজনীয় উপকরণ তৈরি করে তা যুব ক্ষমতায়নে যোগান দেয়া।
- সকল পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুক্ত আছে এমন যুবদের ব্যক্তিগত শিক্ষায় সহায়তার জন্য বিভিন্ন উপকরণ তৈরিকরণ ও প্রক্রিয়া বাস্তবায়ন করা।
- সকল পর্যায়ে যুবদের সহযোগিতার জন্য বয়স্ক নেতা ও যুবদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা।
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুক্ত হওয়ার সুবিধাদি এবং কিভাবে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব এ বিষয়ে সকল যুবকে অবহিত করে বাছাই পর্ব পরিচালনা করা।
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুব প্রতিনিধিত্ব সংগঠনের কলেবরে যুক্ত করা এবং আঞ্চলিক স্কাউট ও বিশ্ব স্কাউট কনফারেন্সে প্রতিনিধি হিসেবে তাদের

অংশগ্রহণ নিশ্চিতকরণ।

- সংগঠনের সকল পর্যায়ে স্ট্র্যাটেজিক প্ল্যান প্রণয়নে অংশগ্রহণমূলক অভ্যন্তরীণ প্রক্রিয়া বাস্তবায়ন করা এবং এর সকল পর্যায় ও বাস্তবায়ন প্রক্রিয়ায় যুবদের অংশগ্রহণ নিশ্চিত করা।

- জাতীয় স্কাউট সংগঠনের এমন একটি প্রক্রিয়া থাকবে যাতে যুবদের জন্য প্রণীত ও বাস্তবায়িত প্রোগ্রাম নিয়ে সকলেই সন্তুষ্ট থাকবে এবং তা যুবদের অংশগ্রহণে সম্পন্ন হবে। কর্মপরিকল্পনা মূল্যায়নের ফলাফল স্পষ্টভাবে ব্যাখ্যাপূর্বক তা বাস্তবায়িত হবে।

---

নোট

যুবদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার নীতি বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ ও সহযোগিতায় জাতীয় স্কাউট সংগঠনকে প্রস্তুত থাকতে হবে।

যুব সম্পৃক্তকরণের বিভিন্ন ধাপে বর্তমান যুব সংখ্যা ও পরিকল্পনা অনুসারে জাতীয় স্কাউট সংগঠনকে আলোচ্য নির্দেশনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## বিশ্ব স্কাউট সংস্থার জন্য

- স্কাউট আন্দোলনের মূলনীতি বাস্তবায়নের জন্য আনুপাতিক হারে ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স, রিজিওনাল কনফারেন্স ও রিজিওনাল স্কাউট কমিটিতে যুবদের সক্রিয় অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ।
- সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষেত্রে যুবদের সহযোগিতা করার নিমিত্তে প্রয়োজনীয় উপাদান, গ্রহণযোগ্য প্রক্রিয়া, সুবিস্তৃত কাঠামো, দক্ষ স্টাফ ও প্রয়োজনীয় অর্থের সহযোগিতা প্রদান।
- বিভিন্ন দেশে জাতীয় স্কাউট সংগঠনের মুখপাত্র হিসেবে যুবদের উপস্থিতি নিশ্চিতকরণ।
- বিশ্ব স্কাউট সংস্থা যুবদের জন্য এমন প্রেক্ষাপট তৈরি করবে যাতে যুবরা তাদের মতামত ও ধারণার বিষয়াদি তুলে ধরতে পারে এবং আন্তর্জাতিক পর্যায়ের স্কাউটিংয়ের সিদ্ধান্ত গ্রহণের জন্য নিজেদের প্রস্তুত করে নিতে পারে।
- বিশ্ব স্কাউট সংস্থার অন্তর্ভুক্ত আঞ্চলিক স্কাউটসমূহকে যখন যুব সম্পৃক্তকরণ প্রক্রিয়া প্রতিষ্ঠা/মূল্যায়ন করা হয় তখন নির্দেশিত বিষয়ে লক্ষ্য রেখে কার্য সম্পাদনের জন্য উৎসাহিত করা হলো।

বিভিন্ন বিষয়াদির উদাহরণ যা প্রাতিষ্ঠানিক পর্যায়ে (জাতীয় স্কাউট সংগঠন ও বিশ্ব স্কাউট সংস্থা) ব্যবহার করা যেতে পারে তার অন্তবর্তী বা স্থায়ী ব্যবস্থাগুলো হলো : যুব পর্যায় (ইয়ুথ ফোরাম), ইয়ুথ নেটওয়ার্ক (ইন্টারনেট ব্যবহারেও হতে পারে), যুব পরামর্শক দল, কোটা ব্যবস্থা, কর্ম ছায়াকরণ পদ্ধতি, পরামর্শক পদ্ধতি, কোচিং পদ্ধতি, সমকক্ষ ব্যক্তির মাধ্যমে শিক্ষা পদ্ধতি, কার্যালয় সীমাবদ্ধতা এবং যুবদের জন্য ভোট প্রদানের অধিকার। এটি একটি অসম্পূর্ণ তালিকা এবং বিভিন্ন জাতীয় বিষয়াবলীকে মাথায় রেখে যুব সম্পৃক্তকরণের জন্য প্রয়োজনীয় বিষয়াবলীকে যুক্ত করতে জাতীয় স্কাউট সংগঠনকে এই বিষয়গুলো আরো সম্প্রসারিত করার জন্য বিশেষ ভূমিকা পালন করতে বলা গেল।

## সামাজিক পর্যায়ে

'সুন্দর পৃথিবী বিনির্মানে' (সামাজিক সম্পৃক্ততা) স্কাউট আন্দোলনের অঙ্গীকারবদ্ধতা একটি পরোক্ষ অবদান এর ফলাফল হলো-যুবদের শিক্ষা গ্রহণে সহযোগিতা করা। এইরূপে, স্কাউট আন্দোলন হতে সমাজ দুইভাবে উপকৃত হতে পারে; প্রথমত-যুবদের শিক্ষা গ্রহণ, দ্বিতীয়ত-তাদের ক্ষমতায়ন করে অঙ্গীকারবদ্ধ নাগরিক হিসেবে গড়ে তোলা।

## ‘সক্রিয় নাগরিক’ হওয়া

স্কাউটিং স্বশাসিত ব্যক্তির ক্ষমতায়নের ক্ষেত্রে এবং সমাজের জন্য সক্রিয় নাগরিক বিনির্মানে অবদান রাখে। স্কাউটিংয়ের শিক্ষার মাধ্যমে যুবদের ‘সক্রিয় নাগরিক’ হিসেবে গড়ে উঠতে সহায়তা দেয়া হয়ে থাকে।

## সমাজ পরিবর্তনে যুব

একজন যুবকে স্কাউটিংয়ের মাধ্যমে সমাজের বিভিন্ন কাজে ইতিবাচক ভূমিকা পালনের জন্য স্কাউট আন্দোলনের যা করা উচিত;

- যুব সমাজ ও সমাজের স্বেচ্ছাসেবী বয়স্ক নেতার জন্য স্কাউটিংয়ের ভেতরে ও বাইরের সুযোগ-সুবিধা চিহ্নিতকরণ।
- সমাজ উন্নয়নমূলক কাজের অংশগ্রহণের স্বীকৃতি প্রদান।
- স্কাউট আন্দোলনের মাধ্যমে সমাজ যে সকল সুবিধাদি পেয়ে থাকে তা চিহ্নিতকরণ।
- যুব কার্যক্রমের মাধ্যমে সমাজে কার্যকরভাবে যুবদের সম্পৃক্ততা বাড়ানো।
- অংশীদারিত্ব, ধারণা ও যোগাযোগের ভিত্তিতে তথা বৈদেশিক সম্পর্ক রক্ষা করে কিভাবে সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যায় তা সম্পর্কে জানা।
- সমাজ উন্নয়ন প্রকল্পে যুবদের সহযোগিতার জন্য একজন বয়স্ক নেতার করণীয় সম্পর্কে ধারণা থাকা।
- ‘ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল’ (যদি থাকে) অথবা এর সমপর্যায়ে সক্রিয় থাকা। একইভাবে যদি আঞ্চলিক পর্যায়ে ‘রিজিওনাল ইয়ুথ কাউন্সিল’ (যদি থাকে) তবে তাতে সক্রিয় থাকা।
- যুব কার্যক্রম (প্রোগ্রাম) প্রণয়নের সময় স্থানীয় কোন বিশেষ প্রয়োজন বা গুরুত্ব দেয়ার বিষয়াবলী থাকলে তা চিহ্নিত করা।

সম্ভাব্য উপাদানসমূহ যা একজন যুব'র কার্যক্রমকে ইতিবাচকরূপে সমাজে প্রভাব ফেলতে পারে তা হল; স্বেচ্ছাসেবার সুযোগ, সমাজ সেবা, অন্যান্য জাতীয় স্কাউট সংগঠনের সাথে যৌথভাবে প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি।





# বিশ্ব স্কাউটস যুংব সম্পৃক্তকরণ নীতির রূপরেখা

## নীতির প্রয়োগ ও মূল্যায়ণ

নীতির বাস্তবায়ন মূলতঃ বিশ্ব স্কাউট, আঞ্চলিক স্কাউট, জাতীয় স্কাউট সংগঠনের কাঠামো ও প্রয়াসের উপর নির্ভর করে। এই নীতি বাস্তবায়নে মূলত: একটি মূল্যায়ন প্রক্রিয়ায় স্বরূপ নির্ধারণ করা হয়। যা যুব সম্পৃক্তকরণের উদ্দেশ্যে বাস্তবায়ন প্রক্রিয়ায় ঘনিষ্ঠভাবে দেখভাল করে এবং সফলতার সূচক যুব সম্পৃক্তকরণের কাঠামো কৌশল দ্বারা নির্দিষ্ট করা হয়।

## প্রয়োগ ও মূল্যায়নের সময়সীমা

দ্রুত পরিবর্তনশীল বিশ্বে বিশ্ব স্কউট সংস্থায় এটি পরিষ্কার যে, সময়ের নিরিখে প্রণীত নীতিমালা বাস্তবসম্মত ও প্রয়োজনীয়। বিশ্ব স্কাউট যুব সম্পৃক্তকরণ সময়োপযোগী নীতিমালা নিম্নরূপঃ

গৃহিত, বাস্তবায়ন, মূল্যায়ন এবং সংশোধন করায় নীতির মেয়াদকাল (পূর্ণ) ০৩ (তিন) ত্রৈ-বার্ষিক (অর্থাৎ ০৯ বছর) নিম্নে দেখানো হলো ঃ

- জাতীয় স্কাউট সংস্থা কর্তৃক প্রথম ত্রৈ-বার্ষিকে নীতি গ্রহণ, প্রচারণা।
- দ্বিতীয় ত্রৈ-বার্ষিকে জাতীয় স্কাউট সংস্থা কর্তৃক বাস্তবায়ন।
- তৃতীয় ত্রৈ-বার্ষিকে জাতীয় স্কাউট সংস্থা কর্তৃক কার্যক্রমে মূল্যায়ন এবং বিশ্ব স্কাউট সংস্থা কর্তৃক পর্যালোচনা।

প্রতি ত্রৈ-বার্ষিক শেষে, সকল পর্যায়ের কাজের একটি অগ্রগতি প্রতিবেদন নিরূপণ করতে হবে। তৃতীয় ত্রৈ-বার্ষিক শেষে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন তৈরি করতে হবে। যাতে পরবর্তী কোন পরিবর্তনের প্রয়োজন হলে তাতে বিস্তারিতভাবে উল্লেখ থাকবে।

## অন্যান্য কাগজপত্রাদি সম্পন্নকরণ

এই নীতিটির সঙ্গে একটি পরিপূরক অধ্যয়ন ক্ষেত্র হিসাবে বিবেচনা করা উচিত;

- World Scout Youth Programme Policy,
- Adults in Scouting World Policy,
- Regional and National Youth Involvement Policies,
- Communications policies at World, Regional and National level,
- WOSM Vision 2023 and Triennial Plan 2014-2017.

## বিবিধ

এই বিষয়ের উপর প্রয়োজনীয় এবং পরিপূরক তথ্য পাবার জন্য নিম্নের তথ্যাবলিকে কাজে লাগানো যেতে পারে;

- Constitution of the World Organization of the Scout Movement, January 2011 edition;
- World Scout Youth Programme Policy,
- Adults in Scouting World Policy,
- Youth involvement Reference Guide, World Scout Bureau Publication 2003;
- Youth Involvement Toollbox, World Scout Bureau Publication 2005;
- 39th World Scout Conference, Document 14: Youth Involvement in Decision-Making;
- Concept Paper on Leadership Development in Scouting;
- World Scout Committee Position Paper ; Unlocking our Potential'.



# পরিশিষ্ট

## পরিশিষ্ট-১

## ১৯৬৯ সাল থেকে তরুনদের সম্পৃক্তকরণের উপর বিশ্ব স্কাউট কনফারেন্স এর কার্যবিবরণী

### কার্যবিবরণী ১২/৬৯

### যুব কনফারেন্স

এই কনফারেন্সে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার ক্ষেত্রে তরুণদের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য জাতীয় স্কাউট অ্যাসোসিয়েশন এবং অঞ্চলে যুব কনফারেন্স এবং ফোরাম পরিচালনার জন্য উৎসাহিত করেছে।

### কার্যবিবরণী ১৩/৬৯

### কনফারেন্স, তরুণ নেতারা

সদস্য দেশগুলোকে ওয়ার্ল্ড কনফারেন্সে তাদের প্রতিনিধিদের নির্বাচনের ক্ষেত্রে স্কাউটিং এ অবদান ও অভিজ্ঞতার বিবেচনায় অন্ততঃ একজন তরুণ নেতাকে অন্তর্ভুক্ত করার জন্য কনফারেন্স আহ্বান জানায়। স্কাউট সংস্থার প্রতিটি স্তরে উপযুক্ত তরুণ নেতাদের সম্পৃক্তকরণ ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার মধ্যে অংশগ্রহণকারীদের মতামত তুলে ধরার জন্য সুযোগ দিতে সদস্য দেশগুলিকে উৎসাহিত করা হয়।

## কার্যবিবরণী ১৫/৮৮
## কনফারেন্সে তরুণ নেতাদের অংশগ্রহণ

**কনফারেন্স-**

- সিদ্ধান্ত গ্রহণে যুবদের অংশগ্রহণের গুরুত্বকে স্বীকৃতি ও ওয়ার্ল্ড কনফারেন্সের প্রতিনিধিদের মধ্যে তরুণ নেতাদের অন্তর্ভুক্ত করার বিষয়ে কার্যবিবরণী ১৩/৬৯-এ মনোযোগ আকর্ষণ করা হয় এবং যে সকল জাতীয় স্কাউট সংগঠনগুলির এখনো এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করেনি, সে সকল জাতীয় স্কাউট সংগঠনগুলিকে পরবর্তী সকল কনফারেন্সের প্রস্তুতির জন্য এই কার্যবিবরণীটি বাস্তবায়ন করার জন্য জোরালোভাবে পরামর্শ দেয়া হয়।
- কনফারেন্সে উপস্থাপনা এবং আলোচনায় তরুণ প্রতিনিধি এবং পর্যবেক্ষকদের অংশগ্রহণ বৃদ্ধি করার উপায়গুলি বিবেচনা করার জন্য বিশ্ব স্কাউট কমিটিকে দায়িত্ব দেয়া হয়।

## কার্যবিবরণী ২/৯৩
## সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তরুণ সদস্যদের সম্পৃক্তকরণ নীতি

**কনফারেন্স**

- স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়ের গুরুত্ব স্বীকার করে এর উদ্দেশ্য অর্জনের জন্য, সিদ্ধান্ত গ্রহণে তরুণদের অন্তর্ভুক্ত করা।
- বিবেচনা করতে হবে যে, স্কাউটিং শুধুমাত্র তরুণদের জন্য একটি আন্দোলন নয় বরং এটি তরুণদের একটি আন্দোলন
- বিশ্বাস করতে হবে যে স্কাউটিং হচ্ছে গণতান্ত্রিক নীতির উপর ভিত্তি করে একটি আন্দোলন
- প্রত্যেক সদস্যদের মতামতকে প্রতি মূল্যায়ন এবং তরুণ সদস্যদের নেতৃত্বে প্রদানের সুযোগ তৈরির বিষয়টি স্বীকৃতি
- অস্ট্রেলিয়ার চতুর্থ বিশ্ব ইয়ুথ ফোরাম (১৯৯০/৯১) এবং সুইজারল্যান্ডের ৫ম বিশ্ব ইয়ুথ ফোরাম (১৯৯২) দ্বারা অর্জিত সাফল্য উল্লেখ করা যায়।
- ৩৩ তম বিশ্ব স্কাউট কনফারেন্সে তরুণ প্রতিনিধিদের অংশগ্রহণকে উৎসাহ প্রদানের জন্য রেজিস্ট্রেশন ফি হ্রাস করার বিষয়ে বিশ্ব স্কাউট কমিটির সিদ্ধান্তের স্বাগত জানানো হয়।
- ওয়ার্ল্ড স্কাউট এনভায়রনমেন্ট নেটওয়ার্ক এর প্রচেষ্টায় তরুনদের অংশগ্রহণের ফলে যে ফলাফল আসে তাকে উৎসাহিত করা হয়।

- সিদ্ধান্ত-গ্রহণে ক্ষেত্রে তরুণদের সম্পৃক্তকরণের নীতিমালা গৃহীত হয়।
- ১৯৯০ সালে ৩২ তম বিশ্ব স্কাউট কনফারেন্সে গৃহীত বিশ্ব প্রোগ্রাম পলিসি বাস্তবায়নকে আরো জোরদার করার জন্য একটি গুরুত্বপূর্ণ অবদান হিসেবে এই নতুন নীতিটি স্বীকৃত করা হয়।
- জাতীয় স্কাউট সংগঠনগুলিকে তাদের নিজস্ব সংস্থার সকল স্তরে এই নীতিটি বাস্তবায়নের জন্য জোরালোভাবে তাগিদ দেয়া হয়।
- বিশ্ব স্কাউট কমিটির নিকট অনুরোধ জানানো হয় যাতে এমন সব উপায় বিবেচনা করে যার দ্বারা এই নীতিমালা আঞ্চলিক ও বিশ্ব পর্যায়ে বাস্তবায়ন করা যায়।

## কার্যবিবরণী ৬/০২
## সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তরুণ সম্পৃক্ততা

**কনফারেন্স**

- ওয়ার্ল্ড স্কাউট কমিটির যুব সম্পৃক্তকরণের উপর সংশোধনের বিবৃতি সংশোধিত আকারে কনফারেন্স ডকুমেন্ট নং ৭-এ অনুমোদন করেছে।
- প্রত্যেক জাতীয় স্কাউট সংস্থাকে তাদের জাতীয় সিদ্ধান্ত গ্রহণকারী কমিটিতে এবং আঞ্চলিক ও বিশ্ব কনফারেন্সে প্রতিনিধিদের মধ্যে যোগ্য ত্রিশ বছরের কম বয়সী তরুন ও তরুণীর প্রতিনিধিত্ব নিশ্চিত করার আহ্বান জানায়। ওয়ার্ল্ড স্কাউট ব্যুরোর বার্ষিক রিপোর্টে এই বিষয়টি প্রয়োগের উদ্যোগ এবং অগ্রগতি উপস্থাপন করতে প্রতিটি জাতীয় স্কাউট সংস্থাকে আমন্ত্রণ জানিয়েছে।
- বিশ্ব স্কাউট কমিটির প্রযুক্তিগত কমিটি এবং টাস্কফোর্স গ্রুপের সদস্যদের মনোনয়ন ক্ষেত্রে বয়স্ক ব্যক্তিদের থেকে তরুণ-তরুণীদের অগ্রাধিকার প্রদানে আহবান জানানো হয় এবং অঞ্চল পর্যায়েও একই নীতি প্রয়োগ করার জন্য অঞ্চলকে অনুরোধ জানানো হয়।
- ওয়ার্ল্ড স্কাউট কমিটির নির্বাচনের জন্য প্রয়োজনীয় প্রোফাইল এবং যোগ্যতার সাথে যুব পুরুষ ও মহিলা প্রার্থীদের উপস্থাপনের মাধ্যমে ১৯৯৩ সাল থেকে যুবদের অংশগ্রহণকে দৃঢ় করার প্রতিশ্রুতির প্রতি জাতীয় স্কাউট অ্যাসোসিয়েশনকে আহবান জানানো হয়।
- এই কোর্সের পদক্ষেপসমূহকে দৃঢ়ভাবে সমর্থন করার জন্য আঞ্চলিক স্কাউট কনফারেন্সের আহ্বান জানানো হয়।
- ওয়ার্ল্ড স্কাউট ইয়ুথ ফোরাম বৃদ্ধ বয়স শাখাসমূহে যুব সদস্যদের জন্য শিক্ষার সুযোগ হিসেবে বিবেচনা করা। এর উদ্দেশ্য তরুণদেরকে সক্ষম করা: বিশ্বের বিভিন্ন জায়গার বর্তমান যে বিষয়গুলির তরুণদের প্রভাবিত করে সে বিষয়ে তাদের ধারণা এবং অভিজ্ঞতা বিনিময় করতে হবে; জাতীয় যুব নীতির

সমৃদ্ধকরণ এবং বিশ্ব নাগরিকত্বের জন্য তরুণদের প্রশিক্ষণ দেওয়ার উপায়গুলি সুপারিশ; এবং এই আন্দোলনে ১৬ বছরের উর্ধ্ব বয়সীদের শিক্ষামূলক প্রোগ্রাম কিভাবে আরো সমৃদ্ধ করা যায় সে লক্ষ্যে নতুন নতুন প্রস্তাবের সুপারিশ করা।

- বিশ্ব স্কাউট ইয়ুথ ফোরামগুলি বিশ্ব স্কাউট কনফারেন্সের ঠিক আগেই অনুষ্ঠিত হওয়া উচিত এবং এর ফলে বিশ্বব্যাপী স্কাউট কনফারেন্সের জন্য আরও তরুণ সদস্যকে আরও ভালভাবে প্রস্তুত করার অনুমতি দেয়ার সিদ্ধান্ত হয়।

- সিদ্ধান্ত নেয়া হয় যে, বিশ্ব স্কাউট ইয়ুথ ফোরাম এমন সুপারিশসমূহ পেশ করার অধিকার রাখে যেগুলি তারা সেই কমিটির বিবেচনার জন্য ওয়ার্ল্ড স্কাউট কমিটির নিকট উপযুক্ত মনে করে।

- জাতীয় ও স্থানীয় সিদ্ধান্ত গ্রহণকারী কমিটিতে তরুণদের সম্পৃক্ত থাকার এবং প্রাপ্তবয়স্কদের সাথে তরুণদের মধ্যে অংশীদারিত্ব বিকাশের সুযোগ করে দেবে এমন নীতিগুলি চালু ও চর্চা করার জন্য জাতীয় স্কাউট সংস্থাগুলিকে তাগিদ দেয়া হয়।

- বিশ্ব স্কাউট কমিটি প্রত্যেক বিশ্ব স্কাউট কনফারেন্সের পর সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তরুণদের অংশগ্রহণের বিষয়টি মূল্যায়ন করবে।

## কার্য বিবরণী ১১/০৫
## ওয়ার্ল্ড স্কাউট ইয়ুথ ফোরাম

**কনফারেন্স**

- ২০০২ সালে থেসালোনিকিতে ৩৬ তম বিশ্ব স্কাউট কনফারেন্সে গৃহীত কার্যবিবরণী ৬/০২ তে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যুবকদের অংশগ্রহণের বিষয়টি উল্লেখ করা হয়।

- সন্তুষ্টির সঙ্গে উল্লেখ করা যায়, যুব অংশগ্রহণে কৌশলগত অগ্রাধিকার ১ বাস্তবায়নে অগ্রগতি, বিশেষ করে ইয়ুথ প্রোগ্রামের ক্ষেত্রে নতুন শিক্ষা উপকরণসমূহ প্রকাশের মাধ্যমে, ওয়ার্ল্ড স্কাউট যুব ফোরামের সাফল্যের মধ্যে ওয়ার্ল্ড স্কাউট কমিটির যুব উপদেষ্টা নির্বাচন, এবং ওয়ার্ল্ড স্কাউট ব্যুরোতে তরুণ প্রকল্প কর্মকর্তাদের পদ সৃষ্টি করা

- যুগোপযোগী ও বিশ্ব স্কাউট যুব ফোরাম যুগ যুগ ধরে কৌশলগত অগ্রাধিকার ১ পূরণের জন্য প্রথম পদক্ষেপ নয় তবে বিশ্ব স্কাউটিংয়ের যুবকদের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য এটি একটি অর্ন্তবর্তীকালীন কৌশল হিসেবে বিবেচিত হয়।

- যুব ফোরাম কর্তৃক প্রস্তাবিত সুপারিশগুলির উপর এবং বিশেষতঃ সুপারিশকৃত নং ১৬ যা বিশ্ব স্কাউট কমিটির কর্মকান্ডে ও সভায় যুব পরামর্শদাতা

সম্পৃক্তকরণের উপর গুরুত্বারোপ করার জন্য বিশ্ব স্কাউট কমিটিকে অনুরোধ জানানো হয়।

- স্থানীয় স্কাউট গোষ্ঠী থেকে আন্দোলনের প্রাতিষ্ঠানিক পর্যায়ে এবং সকল স্তরের যুব অংশগ্রহণ এবং ক্ষমতায়নকে উন্নত করার লক্ষ্যে ৬/০২ কার্যবিবরণীর সাথে সামঞ্জস্যপূর্ণ তাদের প্রচেষ্টা প্রসারিত করতে বিশ্ব স্কাউট কমিটি, আঞ্চলিক স্কাউট কমিটি এবং সকল জাতীয় স্কাউট সংস্থা-কে আহ্বান জানানো হয়।

- পরবর্তী ত্রৈবার্ষিক সময়ের মধ্যে ইয়ুথ সম্পৃক্তকরণ কৌশলের উন্নয়ন সাধন করে নিম্নলিখিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য জাতীয় স্কাউট সংগঠন, আঞ্চলিক স্কাউট কমিটি এবং ওয়ার্ল্ড স্কাউট কমিটিকে অনুরোধ জানানো হয়:

- যুবকদের জীবনের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এবং স্কাউট আন্দোলন ও সমাজ জীবনে সম্পূর্ণভাবে অংশগ্রহণের লক্ষ্যে বয়ঃসন্ধি কিশোর এবং যুবকদের (১৫-২৫ বছরের) শিক্ষামূলক কর্মসূচিগুলি একত্রিত করা,

- সিনিয়র বয়স স্তরের প্রোগ্রামে স্কাউট অফ দ্য ওয়ার্ল্ড অ্যাওয়ার্ড অর্ন্তভুক্ত করা এবং বিশ্ব প্রচারাভিযানে তরুনদের সমর্থন করা।

- সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার যুবদের উৎসাহিত করার লক্ষ্যে তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করার জন্য অ্যাডাল্ট লিডারদের প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা।

- আমাদের আন্দোলনের সকল স্তরে বিশেষ করে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে যুবদের অংশগ্রহণ, বিশেষ করে সহযোজিত করণে, বিশ্ব স্তরে বাস্তবায়িত বাস্তব ধারণাকে বৃহত্তর স্বার্থে নিশ্চিত করতে হবে।

- আন্তর্জাতিক স্কাউটিং এর ভবিষ্যত নেতাদের প্রশিক্ষণের একটি পদক্ষেপ হিসেবে সব স্তরে যুব ফোরাম  গুরুত্ব সহকারের বিবেচনা করা।

- উপরে উল্লিখিত প্রশিক্ষণ অভিজ্ঞতা বিবেচনা করে যোগ্য তরুণদের সম্ভাব্য সর্বোত্তম ব্যবহার করতে হবে, বিশেষ করে আঞ্চলিক এবং বিশ্ব স্কাউট কনফারেন্সে জাতীয় প্রতিনিধিদের মধ্যে তরুণ ব্যক্তিদের অন্তর্ভুক্ত এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে তাদের সম্পৃক্ত করতে হবে; আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে স্বচ্ছতার সাথে, তরুন পরামর্শদাতা ও অন্যান্য তরুন স্বেচ্ছাসেবককে নির্বাচিত করে, উভয়কেই উল্লেখযোগ্য দায়িত্ব পালন করতে হবে।

# কার্য বিবরণী ১৪/০৮
## সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তরুণদের সম্পৃক্তকরণ

**কনফারেন্স-**

- কৌশলগত অগ্রাধিকার নম্বর ১: যুব অংশগ্রহণ
- ৯ ম বিশ্ব স্কাউট যুব ফোরামের পুনর্বিবেচনা প্রস্তাব ১৬
- লক্ষ্য করা যায় যে সফলভাবে স্কাউট সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যুব ও প্রাপ্তবয়স্কদের অবদান গুরুত্বপূর্ণ
- সমান সুযোগ স্থাপন করা হচ্ছে সুশাসন এর একটি অপরিহার্য অংশ
- মনে রাখা দরকার যে দক্ষতা শুধুমাত্র অভিজ্ঞতার মাধ্যমে অর্জন করা হয়
- দুঃখের সাথে বলা যায় যে, স্কাউট আন্দোলনের বিশ্ব সংস্থার সিদ্ধান্তে যুবদের সম্পৃক্ততা এখনও সীমিত
- আরও উল্লেখ করা যায়, বিশ্ব স্কাউটিং হচ্ছে এই মুহূর্তে অল্পবয়সী ছেলেমেয়েদের জন্য প্রাপ্তবয়স্কদের দ্বারা অন্যদিকে অল্পবয়সী তরুণদের জন্য তরুন এবং বয়স্কদের দ্বারা।
- ইহা স্বীকৃত যে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তরুণ পরামর্শদাতা শুধুমাত্র একটি অস্থায়ী এবং ক্ষণস্থায়ী পদ।
- ১০ তম বিশ্ব স্কাউট যুব ফোরামের এই প্রশ্নে প্রস্তাবনা - বি কে স্বাগত জানানো হয়।

- সকল স্তরে দায়িত্বের পদে নির্বাচনের জন্য তরুণ প্রার্থীকে মনোনীত করার জন্য জাতীয় স্কাউট সংস্থাকে উৎসাহিত করে
- আঞ্চলিক স্কাউট কমিটি এবং বিশ্ব স্কাউট কমিটিকে উপ-কমিটি ও টাস্ক ফোর্স সদস্যদের অন্তত এক তৃতীয়াংশ ৩০ বছরের কম বয়সীদের রাখার লক্ষে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের বিশেষ পরামর্শ দেওয়া হচ্ছে।
- বিশ্ব স্তরে বিভিন্ন পদের দায়িত্বে নিযুক্ত যুবদের পরামর্শ প্রদানের জন্য ওয়ার্ল্ড স্কাউট কমিটিকে অনুরোধ জানানো হয়।
- আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে পদের দায়িত্ব নিযুক্ত যুবদের পরামর্শদানের জন্য আঞ্চলিক স্কাউট কমিটি এবং জাতীয় স্কাউট সংগঠনকে উৎসাহিত করা হয়।
- ৩৯ তম বিশ্ব স্কাউট কনফারেন্স এর আলোকে, বিশ্ব স্কাউট কমিটিকে, তরুন পরামর্শকদের সাথে সমন্বিতভাবে, ইয়ুথ সম্পৃক্তকরণ ভিশন ও কৌশল প্রণয়ন করার জন্য অনুরোধ জানানো হয়।

## কার্য বিবরণী ৮/১১
## স্কাউট আন্দোলনের জাতীয় স্কাউট সংগঠন এবং বিশ্ব সংগঠনের অভ্যন্তরে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তরুণদের সম্পৃক্ততা

### কনফারেন্স

- স্কাউট পদ্ধতির মূল অংশ হিসাবে সিদ্ধান্ত গ্রহণে তরুণদের সম্পৃক্ত করার গুরুত্ব স্বীকার করে

- দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন যে, যুব সম্পৃক্ততার উপর গৃহীত বিভিন্ন কার্য বিবরণী (২/৯৩, ১০-১৩/৯৯, ৬/০২, ১১/০৫, ১৪/০৮) এবং অগ্রগতি অর্জনের জন্য প্রয়োজনীয় বাস্তবসম্মত কর্মকান্ড গ্রহণ করা প্রয়োজন।

- ইহা স্বীকৃত যে তরুণেরা আজকের নাগরিক এবং তাদের জীবনে প্রভাব ফেলে এমন বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে তাদের সম্পৃক্ত হওয়ার অধিকার রয়েছে।

- স্কাউটিং-এ কৌশল বিশেষ করে কৌশলগত অগ্রাধিকার ১: যুব অংশগ্রহণ অবলম্বন করে যুবদের সম্পৃক্তকরণের অগ্রগতিকে স্বাগত জানানো হয়।

- ইহা স্বীকৃত যে, অনেক জাতীয় স্কাউট সংস্থা ইউনিট পর্যায়ে, প্রাতিষ্ঠানিক পর্যায়ে এবং স্থানীয় পর্যায়ে যুব সম্পৃক্ততার বিষয়ে ভাল অগ্রগতি অর্জন করেছে।

● শেষে আশার বিষয় হচ্ছে এই যে, বয়সের উপর ভিত্তি করে নয় বরং সক্ষমতা ও অভিজ্ঞতার উপর ভিত্তি করে স্কাউটদের মূল্যায়ন করা হয়, ফলে তরুণদের আরো ভালো স্কাউটিং উপহার দেয়ার জন্য  সকল বয়সী স্কাউটরা একসঙ্গে কাজ করে।

● কনফারেন্সের ডকুমেন্ট নং-১৪ এর আলোকে যুব সম্পৃক্ততার বিষেয়ে ভিশন গ্রহণ করার জন্য জাতীয় স্কাউট সংস্থাগুলিকে উৎসাহিত করা হয়।

● ইউনিট পর্যায়ে, প্রাতিষ্ঠানিকভাবে এবং সমাজে সিদ্ধান্ত গ্রহণে সম্পৃক্ত করার জন্য অল্পবয়সী যুবকদের সুযোগ সৃষ্টি এবং সনাক্ত করার জন্য জাতীয় স্কাউট সংস্থাগুলিকে উৎসাহিত করা হয়।


● প্রত্যেক জাতীয় স্কাউট সংস্থাকে যুবদের সম্পৃক্তকরণের জন্য লক্ষমাত্রা নির্ধারণ করার প্রস্তাব দেয়া হয় যাতে এর অগ্রগতি ও বাস্তবায়ন অগ্রগতি পরিমাপ করা যায়।

বিশ্ব স্কাউট কমিটিকে অনুরোধ করা হয়:

- যুব সম্পৃক্ততার অগ্রগতি এবং অর্জন যাতে পরিমাপ করা যায় তার জন্য WOSM এর কাঠমোর মধ্যে যুব সম্পৃক্ততার লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।
- আসন্ন ত্রৈবছরের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য একটি বাস্তবায়ন পরিকল্পনা তৈরি করা।
- পরবর্তী কনফারেন্সে WOSM এর কাঠামোর মধ্যে সিদ্ধান্ত গ্রহণে যুবদের সম্পৃক্ততার অগ্রগতি এবং প্রক্রিয়াটি বিভাবে চলমান রাখা যায় তার উপর প্রতিবেদন প্রদান।
- জাতীয় স্কাউট সংস্থায় তরুনদের সম্পৃক্ততায় সহায়তা করার জন্য উপকরণসমূহের উন্নয়ন সাধন এবং সম্পদসমূহের  বন্টন ও সর্বোচ্চ চর্চা করা।
- জাতীয় স্কাউট সংস্থায় যুবদের অংশগ্রহণের অগ্রগতি মনিটরিং করতে হবে।
- যোগাযোগের ক্ষেত্রে যুবদের সম্পৃক্ত করার বিষয়টিতে সুদৃষ্টি দেয়া।

## পরিশিষ্ট-২

### যুব অংশগ্রহণ, সম্পৃক্ততা, প্রবৃত্তি, এবং ক্ষমতায়ন ব্যাখ্যার জন্য বর্তমানে ব্যবহারকৃত উদাহরণের মডেল।




যুব অংশগ্রহণের ৮টি স্তর।
রুপান্তরিত ধাপটি Sherry Arnstein (১৯৬৯) এর থেকে ও ধরণগুলো Roger Hart থেকে সংগৃহীত

১। হাতের কৌশল : এটা তখনই ঘটে যখন প্রাপ্ত বয়স্করা তরুনদের একটি ঘটনাকে বা কারণকে উৎসাহিত করতে ব্যবহার করে কিন্তু তারা তরুনদের ঘটনাটি বুঝতে সাহায্য করেনা।

২। অলঙ্করণ ঃ প্রায়ই তরুনদের একটি নির্দিষ্ট পদ্ধতিতে পোশাক পড়তে এবং বয়স্কদের বিষয়সূচী সমর্থন করতে বলা হয়, যার উদ্দেশ্য সাধারণত প্রাপ্ত বয়স্ক দর্শকদের আবেগীয় প্রতিক্রিয়াকে উৎসাহ দেয়া।

৩। প্রতীকীকরণ ঃ এটি একটি পরিস্থিতি যেখানে সমস্যা সম্পর্কে কোন মৌলিক জ্ঞান ছাড়াই তরুনদের নির্বাচিত প্রতিনিধিদলের সম্মেলনে আগে কথা বলতে বলা হয়, নিজের অবস্থান নির্ধারণ বা অন্যান্য তরুনদের সাথে আলোচনা করার কথা বলা হয়, এটি দাবি করা হয় যে তারা প্রাপ্তবয়স্ক দর্শকদের পক্ষে প্রতিনিধিত্ব করছে।

৪। নির্ধারিত কিন্তু অবহিতকরণ ঃ এটি নির্দেশ করে যে যদিও তরুনদের অংশগ্রহণ তাদের জন্য নির্ধারিত, তারা প্রকল্পটির লক্ষ্য বুঝে সিদ্ধান্ত নেয় যে তাদের জড়িত থাকা উচিত এবং কেন।

৫। পরামর্শ ও অবহিতকরণ ঃ প্রকল্পটি বয়স্কদের দ্বারা তৈরি কিন্তু তরুনদের মতামত যে কোন সিদ্ধান্তে গুরুত্বসহকারে নেয়া হয়।

৬। সিদ্ধান্ত গ্রহণে বয়স্কদের সাথে শিশুদের অংশগ্রহণ ঃ পরামর্শমূলক অবস্থায় থাকার চেয়ে বরং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে যুবদের ভূমিকা অবিচ্ছেদ্য।

৭। যুবদের জন্য পরিচালিত ও প্রবর্তিত ঃ এই ধরণের প্রকল্প খুব বেশি দেখা যায় না কারণ কিছু সংখ্যক বয়স্করা তরুনদের উপর সম্পূর্ণ নিয়ন্ত্রন ত্যাগ করতে ইচ্ছুক। প্রাপ্ত বয়স্কদের জড়িত থাকার অভাবে এই ধরনের প্রকল্পগুলো প্রায়ই সত্যিকারে সমাজের উদ্বেগের কারণ হয়ে ওঠে এবং প্রান্তিক হয়ে যায়।

৮। সিদ্ধান্ত গ্রহণে বয়স্কদের সাথে শিশুদের অংশগ্রহণ ঃ প্রাপ্ত বয়স্করা যুবদের লক্ষ্যগুলোর জন্য ফ্যাসিলিটেটর হিসাবে জড়িত হয়, তাদের প্রয়োজনীয় মূল্যবান দিক নির্দেশনা, প্রয়োজনীয় দক্ষতা বিকাশে সাহায্য এবং তাদের মূল্যায়ন করতে সাহায্য করে। এই ধরণের সম্পর্ক যুবদের শিক্ষা বৃদ্ধিতে সহায়তা করে। প্রকল্পটি সমাজের মালিকানার মানসিকতা তৈরি করে, এবং যুবদের উৎসাহ ও সৃজনশীলতা থেকে প্রাপ্ত বয়স্কদের শেখার সুযোগ সৃষ্টি হয়।

## যুব ক্ষমতায়নের ধারণা ঃ

এই আদর্শ/মডেলটি অংশগ্রহণের বিভিন্ন পদ্ধতির তুলনা ও মূল্যায়ন করতে ব্যবহার করা হতে পারে এবং মডেলটি Hodgson এর ক্ষমতায়ন কিছু মাত্রা অন্তর্ভুক্ত করে। এই মডেলটি অংশগ্রহণের ৬টি মাত্রা প্রস্তাব করে এবং ক্ষমতা ধারণকারীর উপর ভিত্তি করে তাদের একটি ধারাবাহিক বর্ণনা দেয়। উপাদানসমূহ ঃ

১। পদ্ধতির আরম্ভ ঃ কার ধারণা ছিল এতে ?

২। বিষয়সূচী ঃ কি আলোচনা হবে তা কে নির্ধারণ করে ?


৩। সিদ্ধান্ত গ্রহণ ঃ কিভাবে অগ্রসর হতে হবে কে তার সিদ্ধান্ত নেয় ?

৪। তথ্য ঃ সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজনীয় তথ্য কে রাখে ?

৫। প্রয়োগ ঃ সিদ্ধান্ত নিয়েছে কে ?

৬। অংশগ্রহণের কাঠামো ঃ এটি কতটা আনুষ্ঠানিক বা অনানুষ্ঠনিক; এটা কি বয়স্ক কাঠামোর প্রতিলিপি ?

ধাপ হিসাবে, এখানে যুবদের সম্পৃক্ত হওয়ার একক কোন সঠিক পদ্ধতি নেই। কারণ এটি প্রস্তাবিত অনুশীলন পদ্ধতির উদ্দেশ্যের উপর, কি ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হবে তার উপর, এটি কি একক ক্রিয়া নাকি চলমান প্রক্রিয়া, এবং যুব ও বয়স্কদের অংশগ্রহণ করতে চাওয়ার মাত্রার উপর নির্ভর করে ।



**ADAM FLETCHER এর যুব কর্মের জীবনচক্র ঃ**

যুবর্মের জীবনচক্র দেখানোর জন্য ডিজাইন করা হয়েছে যে কত ধরণের কার্যক্রম একসাথে সংযুক্ত হয় যা দেখায় আমাদের সমাজকে পরিবর্তন করার জন্য যুবদের অনেক বিকল্প কর্মকান্ড রয়েছে।

## যুব পদক্ষেপের ধরণ

**যুবকণ্ঠস্বর/মতামত** হলো যে কোন স্থানে, সময়ে যে কোন যুবর মত প্রকাশ। এটি হতে পারে মৌলিক, লিখিত, দৃশ্যমান, শারীরিক ভাষা, অথবা পদক্ষেপ, মতামত যা বয়স্কদের কাছে শুনতে উপযুক্ত বা অনুপযুক্ত হতে পারে; এবং ইচ্ছাকৃত বা অনীচ্ছাকৃত মতামতও হতে পারে। যুব মতামতে বয়স্কদের অনুমোদন বা গ্রহণযোগ্যতার প্রয়োজন পড়ে না।

**যুব অংশগ্রহণ** হচ্ছে সমাজে বা নিজের জীবনযাত্রায় যেকোন মাত্রায় তরুনদের সক্রিয় উপস্থিতি। যুব অংশগ্রহণে সক্রিয় সিদ্ধান্ত গ্রহণ, ক্রীড়া, স্কুল বা সামাজিক বিশ্বাসের মাধ্যমে ঘটতে পারে। এটা বাড়িতে বা বন্ধুবান্ধবের মাধ্যমেও হতে পারে। যুব অংশগ্রহণ আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক হতে পারে; যখন এটি আনুষ্ঠানিক, যুবরা কিছু যোগ করতে পারেনা, কিন্তু তারা অংশগ্রহণ করবে কিনা তা পছন্দ করতে পারে। যখন এটা অনানুষ্ঠানিক, যুবরা কিছু যুক্ত করতে পারে।

**যুব সম্পৃক্ততা** যুবদের আনুষ্ঠানিক কাঠমোতে আনার জন্য কৌশলগত প্রচেষ্টা। এই কাঠামোতে সরকারি, সামাজিক, প্রাতিষ্ঠানিক, সাংস্কৃতিক, শিক্ষাগত এবং অন্যান্য কাঠামো অন্তর্ভুক্ত করা যায়। যুব সম্পৃক্ততা সাধারনতঃ আনুষ্ঠানিক, প্রায়ই নির্দিষ্ট ভূমিকা, শিক্ষা ও ফলাফল যুক্ত হয়।

**যুব সংঘবদ্ধতা** হলো যেকোন টেকসই যোগাযোগ যা যুবরা নির্দিষ্ট জিনিসের প্রতি ধরে রাখে, হতে পারে কোন ধারণা, ব্যক্তি, কর্ম, স্থান বা ফলাফল। এই টেকসই যোগাযোগ হতে পারে সামাজিক, আবেগীয়, শিক্ষাগত, আধ্যাত্মিক, ভাবপ্রবন অথবা এটির স্থায়ীত্ব অনুযায়ী।

**যুব ক্ষমতায়ন** হলো ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি, কাঠামো ও সাংস্কৃতিক প্রক্রিয়া যেখানে যুবরা দক্ষতা, কর্তৃত্ব এবং সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা অর্জন করে এবং তাদের জীবন ও অন্যান্যদের, যুব ও বয়স্ক, জীবন পরিবর্তন করতে পারে।

**যুব নেতৃত্ব** হলো তরুণদের নিজেদের বা অন্যান্যদের উপর কর্তৃত্ব প্রয়োগের অভ্যাস, যা উভয়ই আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক। এখানে বয়স্কদের স্বীকৃতি, প্রশংসা

ও লালন পালন এর বাইরেও যুব নেতৃত্ব রয়েছে। এখানে প্রাপ্ত বয়স্ক দ্বারা পরিচালিত যুব নেতৃত্বও রয়েছে।

**যুব সমতা** তখন ঘটে যখন যুবরা ও প্রাপ্ত বয়স্করা কোন কার্যকলাপে জড়িত হয় সেখানে পুরোপুরি সমান হয়। এটি একটি ৫০/৫০ কর্তৃত্ব, বাধ্যবাধকতা ও অঙ্গীকারে বিভক্ত। এটার একটা বাস্তবতা এই যে, শিশু ও যুবদের সেখানে সুনির্দিষ্ট উন্নয়নের চাহিদা বা প্রতিনিধিত্বের বিষয়টি স্বীকৃত নয়।

**যুব সাম্যতা** যুব ও প্রাপ্ত বয়স্কদের মধ্যে সম্পর্কের পুনর্বিন্যাস যা যুব ও প্রাপ্তবয়স্কদের মধ্যে যথাযথ ক্ষমতার ভূমিকা পালন করতে পারে। এটি কর্তৃত্বের একটি ৪০/৬০ ভাগের জন্য অনুমতি দেয় যেখানে যুব ও বয়স্ক সবাই তাদের কর্মের প্রভাব দ্বারা স্বীকৃত হয় এবং সবার ফলাফলের মালিকানা থাকে।

## যুব কর্মের ধারণা



# পরিশিষ্ট -৩

## যুব সম্পৃক্ততার কৌশল কাঠামো, যার সফলতার নির্দেশনা ২০২০ সালের মধ্যে অর্জিত হবে।

যুব অংশগ্রহণের কৌশল কাঠামোর ফলাফল নির্ধারণ করে যা জাতীয় স্কাউট সংস্থাকে স্কাউটিংয়ের তরুনদের শিক্ষার সুযোগসমূহ উন্নত করতে সাহায্য করবে। এই ফলাফলগুলি ৪টি বিষয় অন্তর্ভুক্ত করে ঃ নীতিমালা ও কাঠামো, প্রোগ্রাম সাপোর্ট, যোগাযোগ ও মনোভাব এবং যুব সম্পৃক্ততাকে তিনটি স্তরে বিন্যাস করা যায়; একক, সমাজ ও প্রাতিষ্ঠানিক স্তর।

নিম্নে কৌশলগত কাঠামোটি নির্ধারণ করা হলো:

| | ইউনিট/গ্রুপ স্তর | প্রাতিষ্ঠনিক স্তর | প্রাতিষ্ঠানিক স্তর |
|---|---|---|---|
| নীতিমালা/কাঠামোসমূহ | ● কাঠামোটি, শাসন ও আর্থিক গ্রুপসহ, যুবদের সিদ্ধান্ত গ্রহণে সম্পৃক্ত করে | ● অন্যান্য সামাজিক গ্রুপ বা কার্যক্রমে তরুনদের সম্পৃক্ত করার জন্য স্কাউটিং নীতিমালা প্রয়োজন | ● যুবরা সব দিক দিয়েই সংগঠনের উন্নয়ন ও অস্তিত্ব এর সাথে সম্পৃক্ত। |
| | ● কাঠামোগুলো যুবদের মতামতগুলো নিশ্চিত করার জন্য যুবদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সম্পূর্ণ রুপে সম্পৃক্ত থাকার অনুমতি দেয়। এর সাথে পরিচালন পদ্ধতি, সভার সময় ইত্যাদি পর্যালোচনাও সম্পৃক্ত রয়েছে। | ● সামাজিক গোষ্ঠিগুলো তাদের সামাজিক কর্মকান্ডে স্কাউট সদস্যদের অবদান স্বীকার করে। | ● সিদ্ধান্ত গ্রহণে যুবদের সক্ষম করার জন্য কাঠামো, জনগন ও আর্থিক বিষয়গুলি বিদ্যমান। |
| | | | ● তথ্য ও ব্যবস্থাপনা কৌশল সংগঠনটির মধ্যে ব্যাপকভাবে প্রকাশ্যে পরিবর্তন আনে। |

| | ইউনিট/গ্রুপ স্তর | সামাজিক স্তর | প্রাতিষ্ঠানিক স্তর |
|---|---|---|---|
| প্রোগ্রাম সাপোর্ট | ● স্কাউটিংয়ে তাদের নিজস্ব ক্রমোন্নতিশীল উন্নয়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে তরুনদের সক্রিয়ভাবে সম্পৃক্ত থাকার প্রক্রিয়া বিদ্যমান রয়েছে।<br>● যুবকেরা তাদের ইউনিট বা গ্রুপের অস্তিত্বের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সক্রিয়ভাবে জড়িত থাকার প্রক্রিয়াগুলি বিদ্যমান।<br>● ইউনিট বা গ্রুপের বিষয়ে তরুনদের সিদ্ধান্ত গ্রহণের সুযোগ প্রসারিত করা হয়।<br>● তরুণদের ক্ষমতায়নের উপর সহায়ক উপকরণ প্রেগ্রাম বাস্তবায়নের জন্য ব্যবহার করা হয়।<br>● তরুনদের সাথে অংশীদারিত্বের মাধ্যমে কাজ করার জন্য লিডারদের প্রশিক্ষণ দেয়া হয় এবং সিদ্ধান্ত গ্রহণে তরুনদের সক্ষমতা মূল্যায়ন করা হয়। | ● অন্যদিকে যুবদের সমাজের বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সম্পৃক্ত করা।<br>● যুব কর্মসূচীর মাধ্যমে স্কাউটিং যুবদের কমিউনিটি গ্রুপে বা কর্মকান্ডে সম্পৃক্ত থাকার বিষয়টি উৎসাহিত করে। | ● বিশ্ব স্কাউট সংস্থা<br>● প্রতিষ্ঠানের মধ্যে যুব ক্ষমতায়নে এর উন্নয়ন বিষয়ক নির্দেশিকা বিদ্যমান।<br>● তরুনদের ক্ষমতায়নে প্রতিফলন ঘটানোর জন্য নির্দেশিকা ও অনুশীলনগুলো নিশ্চিত করতে জাতীয় স্কাউট সংস্থাগুলো তাদের ইয়ুথ প্রোগ্রাম ও বয়স্ক নেতাদের প্রশিক্ষণ পর্যালোচনা করে।<br>● সকল স্তরে সিদ্ধান্ত গ্রহণে তরুনদের সম্পৃক্ত রাখার জন্য তাদের ব্যক্তিগত শিক্ষা সহায়তার জন্য কৌশল ও প্রক্রিয়া উন্নয়ন করা হয়। |

| | ইউনিট/গ্রুপ স্তর | সামাজিক স্তর | প্রাতিষ্ঠানিক স্তর |
|---|---|---|---|
| যোগাযোগ | ● সিদ্ধান্ত গ্রহণের যুবদের ভূমিকা যোগাযোগের মাধ্যমে ত্বরান্বিত করা যায়।<br>● সিদ্ধান্ত গ্রহণে অন্তর্ভুক্তির বিষয়ক তথ্য এবং সিদ্ধান্ত নেওয়ার তথ্য সকল যুবদের নির্বাচনী ক্ষেত্রে প্রচারণায় সহায়তা করে।<br>● আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের বাইরে, সিদ্ধান্ত গ্রহণকারীরা তরুনদের দ্বারা প্রকাশিত মতামতকে গুরুত্ব ও মনোযোগ দিচ্ছে। | ● স্কাউটিং এনজিও ও অন্যান্য কমিউনিটি গ্রুপ/কর্মকান্ডে যুবদের জড়িত থাকার বিষয়টি প্রচার করে।<br>● স্কাউটিং এনজিও ও অন্যান্য কমিউনিটি গ্রুপ/ কর্মকান্ডে যুবদের সম্পৃক্ত করার জন্য সুযোগ সন্ধানের কাজ করছে।<br>● এনজিও ও অন্যান্য কমিউনিটি গ্রুপ/কর্মকান্ডে যুবদের সম্পৃক্ততার তথ্যটি নির্বাচনী এলাকার সকল যুবকে সম্মনিত করে।<br>● যুবদের সাথে সম্পর্কিত স্থানীয় ও জাতীয় উদ্যোগে স্কাউটিং অবদান রাখে। | ● সিদ্ধান্ত গ্রহণের যুবদের ভূমিকা যোগাযোগের ক্ষেত্রে ত্বরান্বিত করা উচিৎ।<br>● তথ্য একটি নির্দিষ্ট যোগাযোগ মাধ্যমে নির্ধারিত শ্রোতাদের কাছে বোধগম্য হয়।<br>● সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জড়িত হওয়ার সুযোগ এবং নির্বাচন সংক্রান্ত তথ্যগুলি নির্বাচনী এলাকার সকল যুবকে উন্নীত করা হয়। |
| মনোভাব | ● তরুনরা সিদ্ধান্ত গ্রহণে জড়িত হওয়ার সুযোগ সুবিধা মূল্যায়ন ও গ্রহণ করে।<br>● তরুনরা/যুবরা সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় ভাবে অংশগ্রহণ হওয়ার উৎসাহ পায় এবং তারা এই ভূমিকায় সমর্থন লাভ করে।<br>● সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের অন্তর্ভুক্তি শাসক গোষ্ঠী দ্বারা স্বীকৃত ও মূল্যায়িত হয়। | ● যুবরা এনজিও ও অন্যান্য কমিউনিটি গ্রুপে/কর্মকান্ডে সিদ্ধান্ত গ্রহণে সম্পৃক্ত হওয়ার সুযোগ গ্রহণ ও মূল্যায়ন করে।<br>● স্কাউটিং অন্যান্য এনজিও ও কমিউনিটি গ্রুপের অবদান মূল্যায়ন করে।<br>● সমাজ ও কমিউনিটি গ্রুপ একটি নির্ভরযোগ্য অংশীদার হিসাবে স্কাউটিং -কে দেখে এবং যৌথ উদ্যোগকে উৎসাহিত করে। | ● শাসকগোষ্ঠী তাদের নির্বাচনী এলাকার ভোটারদের সাথে অংশীদারিত্বে কাজ করার সুযোগ স্বীকার ও মূল্যায়ন করে।<br>● যুবরা আর বিশেষভাবে লক্ষ্যবস্তু নয় কিন্তু সকল শাসক গোষ্ঠীর সদস্য<br>● যুবরা সাংগঠনিক সিদ্ধান্ত গ্রহণে জড়িত হওয়ার সুযোগ সুবিধা মূল্যায়ন ও গ্রহণ করে। |

# পরিশিষ্ট -৪

## যুব সম্পৃক্ততার ব্যবহৃত উপকরণের বর্ননা

**যুব প্লাটফর্ম/ফোরামগুলো** হচ্ছে শিক্ষাগত উপকরণ যা বয়স্ক এবং তরুন সদস্যদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে যুব সম্পৃক্ততার উন্নয়ন প্রক্রিয়াকে সমর্থন করে। যুব ফোরাম হচ্ছে এমন ইভেন্ট যা অংশগ্রহণমূলক পদ্ধতির মাধ্যমে তরুণদেরকে ক্ষমতায়ন ও অনুপ্রাণিত করে, স্কাউটিং ও সমাজের মধ্যে ব্যবহার করা যেতে পারে এমন সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা গড়ে তুলতে সাহায্য করে। এই ফোরামগুলি একটি ইভেন্টের বিন্যাস (যেমন, ওয়ার্ল্ড স্কাউট ইয়ুথ ফোরাম), বা অনলাইন যোগাযোগ উপকরণটি নিতে পারে।

**যুব উপদেষ্টা** দলগুলি সিদ্ধান্তগ্রহণে ক্ষেত্রে তরুণদের জড়িত করার জন্য ব্যাপকভাবে ব্যবহৃত একটি মডেল, সিদ্ধান্ত গ্রহণে অল্প বয়সী ব্যক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য গ্রুপের সাথে বিশেষত একটি সাব-গ্রুপ হিসাবে কাজ করে যা পরিবেশগত কাঠামো, যুব ও কাঠামোর মধ্যে একটি সংযোগ প্রদান করে। এটি স্থানীয় সরকার ও বৃহত্তর সংস্থাগুলো যেমন অমুনাফা এবং ধর্মীয় সংস্থা হিসেবে ব্যবহৃত হয় এবং ব্যাপকভাবে মাধ্যমিক বিদ্যালয় (কিছু দেশে) ছাত্র পরিষদের আকারে ব্যবহৃত হয়। যারা আরো নিয়মমাফিক সম্পৃক্ত থাকতে ইচ্ছুক যুব উপদেষ্টা গ্রুপ তাদের জন্য আবেদন করে থাকে। এর সুবিধাগুলোর মধ্যে একটি যুব দৃষ্টিভংগি এবং দক্ষতা ও ক্ষমতা বিকাশের সুযোগ অন্তর্ভুক্ত রয়েছে। স্বাভাবিকভাবে প্রথাগত ব্যবস্থাপনা কাঠামো সঙ্গে যুক্ত তুলনায় এর প্রক্রিয়া কম প্রথাগত এবং সেজন্য আরো যুব বান্ধব হয়।

**কোটা পদ্ধতি** হলো একটি নীতি যা একটি নির্দিষ্ট দলের সদস্যদের সীমিত করার নীতি/পদ্ধতি। স্কাউটিংয়ের ক্ষেত্রে আমরা কমিটি/জাতীয় বোর্ড, কার্য সম্পাদন গ্রুপ, সাব কমিটি, বিশ্ব ও আঞ্চলিক কনফারেন্সে প্রতিনিধি দলে তরুনদের জন্য কোটা ব্যবস্থার কথা বলি।

**পরামর্শ সিস্টেম/পরামর্শক** একটি পার্সোনাল ডেভেলপমেন্ট সম্পর্ক সেখানে একজন অধিক দক্ষ ব্যক্তি একজন কম দক্ষ ব্যক্তিকে পথপ্রদর্শক হিসাবে সাহায্য করে। একজন সফল পরামর্শক পরামর্শ গ্রহীতা ও দাতা উভয়ের জন্যই বড় উপকারী।

**কোচিং** হচ্ছে এমন একজন ব্যক্তির সাথে অনানুষ্ঠানিক সম্পর্ক যার অন্যের তুলনায় বেশি অভিজ্ঞতা ও দক্ষতা রয়েছে এবং যিনি পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন। এটি একটি নির্দিষ্ট দক্ষতা বা জ্ঞান শিক্ষা ভিত্তিক হয় বলে এর ফলাফলগুলো আরো স্পষ্ট হয়। কারন ঃ

**অফিসের শর্তাবলীর সীমাবদ্ধতা (শর্তাবলীর সীমাবদ্ধতা)** একটি শর্তের বিধিবদ্ধ সীমা, যা একজন ব্যক্তি একটি পদে সেবা প্রদান করতে পারে। যুবদের সম্পৃক্ত থাকার শর্তে, এটি সূচনার স্থান থাকায় তরুনদের জন্য উপকারী হবে (শর্তাবলীর

সীমাবদ্ধতার কারণে প্রাপ্ত বয়স্করা তাদের সম্পৃক্ত করে)।

**তরুন সদস্যদের ভোট দেওয়ার অধিকার** দেওয়ার মাধ্যমে বোর্ড/কমিটিগুলো তরুনদের অংশগ্রহণ বৃদ্ধি করার সুযোগ প্রদান করে, কেবলমাত্র একজন পর্যবেক্ষক হওয়ার পরিবর্তে ভোট দেওয়ার জন্য তরুন সদস্যদের অধিকার অনানুষ্ঠানিকভাবে স্বীকার করা হয়।

**সহপাঠি শিক্ষা মডেলগুলো** তাদের সহপাঠিদের শেখানোর মাধ্যমে তরুণদের দক্ষতা উন্নয়নের জন্য জোর প্রদান করে ভূমিকা রাখে। তারা তরুন শিক্ষার্থীদের জন্য একটি বিস্তারিত প্রশিক্ষণ কর্মসূচী শুরু করে এবং বয়স্কদের অব্যাহত সমর্থন নিয়ে টিকে থাকে।

**যুব নেটওয়ার্ক** হচ্ছে একটি নির্দিষ্ট পর্যায়ে ( স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক) তরুনদের মধ্যে সহযোগিতার একটি দীর্ঘমেয়াদী মডেল। তাদের উদ্দেশ্য তরুনদের মধ্যে অবিচ্ছিন্ন যোগাযোগ নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট স্তরের সিদ্ধান্ত গ্রহণ কাঠামোর জন্য ইনপুট প্রদান করা।

**কমিউনিটি স্বেচ্ছাসেবক/কমিউনিটি সেবা** বলতে এমন স্বেচ্ছাসেবীদের বোঝায় যারা নিজ বসবাসরত এলাকার উন্নয়নের জন্য কাজ করে। এটা বিভিন্ন ধরণের হতে পারে এবং বিভিন্ন সংগঠনের পৃষ্ঠপোষকতার মাধ্যমে পরিচালিত হতে পারে। এটি একটি দলীয় উদ্যোগ বা একটি একক প্রচেষ্টা হতে পারে এবং এটি একটি দীর্ঘমেয়াদী বা স্বল্প মেয়াদী কার্যকলাপ/প্রকল্প/প্রোগ্রাম হতে পারে।

একটি **ইন্টার্নশীপ** হচ্ছে যে কোন অফিসিয়াল বা আনুষ্ঠানিক প্রোগ্রাম যা কোন কাজ, পেশা বা সাধনায় নতুনদের জন্য বাস্তব অভিজ্ঞতা প্রদান করে। এটা কেবলমাত্র যুবদের নয় বরং যে প্রাতিষ্ঠান সুযোগ প্রদান করে তাদের জন্যও ফলদায়ক; কেননা ইন্টার্ণরা প্রতিষ্ঠানের কাজের মধ্যে নতুন শক্তি, নতুন ধারণা এবং বিভিন্ন দৃষ্টিকোণ আনতে পারে।

**চাকরি ছায়াকরণ** হচ্ছে অন্য কর্মচারীর সাথে কাজ করা, যিনি ভিন্ন পেশায় থাকতে পারেন, শেখার জন্য কিছু থাকতে পারে অথবা তাকে যিনি ছায়াকরণ করছেন তাকে পেশা, সংগঠন, নির্দিষ্ট আচরণ বা দক্ষতার সাথে সম্পর্কিত নতুন দিকগুলো শিখতে সাহায্য করতে পারেন। সংগঠনগুলো শেখানোর জন্য কার্যকর হাতিয়ার হিসেবে এটিকে ব্যবহার করছে, এর সবচেয়ে জনপ্রিয় কিছু ব্যবহার হলো: নতুন পেশা প্রশিক্ষণ, কর্মজীবন উন্নয়ন, নির্দিষ্ট বিয়ের উপর দক্ষতা বৃদ্ধি, নেতৃত্বের উন্নয়ন।

অন্যান্য বেসরকারী সংস্থাসমূহের সাথে অংশীদারিত্বে ভিত্তিতে যৌথ কর্মকান্ড/ প্রকল্পসমূহ/ প্রোগ্রামসমূহের কাজ চাপিয়ে দেয়া হয়; যা সকল অংশীদার সংস্থাসমূহের সদস্যদের সমন্বিতভাবে পরিচালিত পদ্ধতিতে এ সকল কর্মকান্ডে অবদান রাখতে পারে।



11th National Rover




বাংলাদেশ স্কাউটস
প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠান
প্রধান অতিথি : জনাব মোঃ আবদুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট
২৯ চৈত্র ১৪২৩ (১২ এপ্রিল ২০১৭) বুধবার
ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা




SCOUTS®
Creating a Better World

© World Scout Bureau Inc.
Youth Programme
February 2015

World Scout Bureau, Kuala Lumpur Office
Suite 3, Level 17,
Menara Sentral Vista, No 150
Jalan Sultan Abdul Samad
Brickfields, 50470
Kuala Lumpur, MALAYSIA

Tel.: + 60 3 2276 9000
Fax: + 60 3 2276 9089

worldbureau@scout.org
scout.org

Reproduction is authorised to National Scout Organizations and Associations which are members of the World Organization of the Scout Movement. Credit for the source must be given.